# আমার বাংলা বই



আমার বাংলা বই

তৃতীয় শ্রেণি

সাদরি ভাষা

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় পতাকা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় পতাকায় সবুজ ক্ষেত্রের উপর স্থাপিত রক্তবর্ণের একটি ভরাট বৃত্ত থাকবে।

## পতাকা নির্মাণের নিয়মাবলি



দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ১০ : ৬। অর্থাৎ যদি দৈর্ঘ্য ৩০৫ সেমি (১০ ফুট) হয়, প্রস্থ ১৮৩ সেমি (৬ ফুট) হবে। লাল বৃত্তটির ব্যাসার্ধ পতাকার দৈর্ঘ্যের পাঁচ ভাগের এক ভাগ। পতাকার দৈর্ঘ্যের ২০ ভাগের ৯ ভাগে একটি লম্ব (খাড়া সরলরেখা) টানতে হবে। তারপর প্রস্থের ঠিক অর্ধেক ভাগে দৈর্ঘ্যের সঙ্গে সমান্তরাল করে আর একটি রেখা টানতে হবে। এই দুটি রেখার ছেদবিন্দুই হবে বৃত্তটির কেন্দ্রবিন্দু।

## ভবনে ব্যবহারের জন্য

(ভবনের আকার ও আয়তন অনুযায়ী)

৩০৫ সেমি x ১৮৩ সেমি (১০' x ৬')

১৫২ সেমি x ৯১ সেমি (৫' x ৩')

৭৬ সেমি x ৪৬ সেমি (২$\frac{১}{২}$' x ১$\frac{১}{২}$')

# জাতীয় সংগীত

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।
চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস, আমার প্রাণে বাজায় বাঁশি ॥
ও মা, ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে,
মরি হায়, হায় রে-
ও মা, অঘ্রানে তোর ভরা ক্ষেতে আমি কী দেখেছি মধুর হাসি ॥

কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো-
কী আঁচল বিছায়েছ বটের মূলে, নদীর কূলে কূলে।
মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো,
মরি হায়, হায় রে-
মা, তোর বদনখানি মলিন হলে, ও মা, আমি নয়নজলে ভাসি ॥

–রবীন্দ্রনাথ ঠাকুর

---

# গাওয়ার জন্য জাতীয় সংগীতের পূর্ণপাঠ

---

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।
চিরদিন তোমার আকাশ,
চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস,
আমার প্রাণে
ও মা, আমার প্রাণে বাজায় বাঁশি,
সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি ॥
ও মা, ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে,
মরি হায়, হায় রে-
ও মা, ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে,
ও মা, অঘ্রানে তোর ভরা ক্ষেতে কী দেখেছি
আমি কী দেখেছি মধুর হাসি।
সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি ॥
কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো-
কী আঁচল বিছায়েছ বটের মূলে, নদীর কূলে কূলে।
মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো,
মরি হায়, হায় রে-
মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো,
মা, তোর বদনখানি মলিন হলে, আমি নয়ন
ও মা, আমি নয়নজলে ভাসি ॥
সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি ॥

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০২০ শিক্ষাবর্ষ থেকে
তৃতীয় শ্রেণির পাঠ্যপুস্তকরূপে নির্ধারিত

# হামার বাংলা বই

## তৃতীয় শ্রেণি


সংকলন, রচনা ও সম্পাদনা

শফিউল আলম
ড. মাহবুবুল হক
ড. সৈয়দ আজিজুল হক
নুরজাহান বেগম

উন্নয়ন ও অভিযোজনে
যোগেন্দ্র নাথ সরকার
কল্যাণী মিনজি
অজিৎ কুমার সরদার
রনজিৎ কুমার মালো
বঙ্কলাল সরদার

শিল্প সম্পাদনা
হাশেম খান





জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০
কর্তৃক প্রকাশিত

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

প্রথম মুদ্রণ : সেপ্টেম্বর, ২০১৯
পুনর্মুদ্রণ : , ২০২১

চিত্রাঙ্কন
লুম্বিনী দেওয়ান

গ্রাফিক্স
মোহাম্মদ সোহেল রানা

ডিজাইন
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

মুদ্রণে: সাগরিকা প্রিন্টার্স, আন্দরকিল্লা, চট্টগ্রাম।

# প্রসঙ্গ কথা

জাতীয় শিক্ষানীতি ২০১০ এ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিশুদের জন্য তাদের নিজস্ব ভাষায় পাঠ্যপুস্তক প্রণয়নের সুপারিশ রয়েছে। এই সুপারিশ মূলত আমাদের ভাষা আন্দোলনের চেতনারই বহিঃপ্রকাশ; যার সূত্র ধরে এখন বিশ্বব্যাপী 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদযাপিত হচ্ছে। আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মূল প্রতিপাদ্য বিষয় বা দর্শন হলো পৃথিবীর সকল ভাষার সংরক্ষণ ও মর্যাদাকে সমুন্নত রাখা এবং প্রত্যেক ভাষাভাষী মানুষ যেন নির্জ নিজ ভাষায় আত্মপ্রকাশ ও জ্ঞান অর্জনের সুযোগ লাভ করে তা নিশ্চিত করা।

কোমলমতি শিক্ষার্থীদের আগ্রহী, কৌতূহলী ও মনোযোগী করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকারের নির্দেশনায় ২০০৯ সাল থেকে পাঠ্যপুস্তকগুলো চার রঙের, টেকসই ও আকর্ষণীয় করে ছাপানো হচ্ছে। সরকারের অর্থায়নে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড প্রাক-প্রাথমিক, প্রাথমিক, ইবতেদায়ি, দাখিল, দাখিল ভোকেশনাল, এসএসসি ভোকেশনালসহ মাধ্যমিক স্তর পর্যন্ত সকল পাঠ্যপুস্তক ২০১০ সাল থেকে প্রতি বছর ১লা জানুয়ারি তারিখে সারা দেশে সকল শিক্ষার্থীর নিকট বিনামূল্যে বিতরণ করছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিদ্ধান্ত অনুসারে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড চাকমা, মারমা, ত্রিপুরা, গারো এবং সাদরি এই পাঁচটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষায় প্রাক-প্রাথমিক শিক্ষার পাঠ্যপুস্তক প্রণয়ন করেছে যা ২০১৭ সাল থেকে বিদ্যালয়ে প্রবর্তন করা হয়েছে । এরই ধারাবাহিকতায় চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায় উল্লিখিত পাঁচটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষায় **তৃতীয়** শ্রেণির শিশুদের জন্য পাঠ্যপুস্তক প্রণয়ন করে প্রকাশ করা হলো। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিশুদের চারপাশের পরিচিত পরিবেশ, তাদের ঐতিহ্যবাহী ও বর্ণাঢ্য সংস্কৃতির নানাবিধ চিত্তাকর্ষক উপকরণ ও ছবি সংযোজন করে পাঠ্যপুস্তকসমূহ শিক্ষার্থী বান্ধব, সুন্দর ও আকর্ষণীয় করে তোলা হয়েছে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের বিশেষজ্ঞগণের তত্ত্বাবধানে সংশ্লিষ্ট ভাষাভাষী শিক্ষক ও বিশেষজ্ঞগণ পাঠ্যপুস্তকগুলো প্রণয়ন করেছেন। তাদের আন্তরিকতা, নিষ্ঠা, শ্রম, মেধা এবং সহযোগিতার ফলে নির্ধারিত সময়ে এই মহৎ কাজটি সুসম্পন্ন হয়েছে। ২০২২ সালের ১লা জানুয়ারি তারিখে পাঠ্যপুস্তকগুলো শিশুদের হাতে পৌঁছে দেওয়া হবে এবং বিদ্যালয়ে প্রবর্তন করা হবে।

উল্লিখিত পাঁচটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিশুদের জন্য **তৃতীয়** শ্রেণির পাঠ্যপুস্তক প্রণয়নের বিভিন্ন পর্যায়ে যাঁরা সহায়তা করেছেন তাঁদের জানাই আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ। সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সযত্ন প্রয়াস ও সতর্কতা থাকা সত্ত্বেও পাঠ্যপুস্তকটিতে কিছু ত্রুটি-বিচ্যুতি থেকে যেতে পারে। পাঠ্যপুস্তকটির অধিকতর উন্নয়ন ও সমৃদ্ধি সাধনের জন্য যে কোনো গঠনমূলক ও যুক্তিসঙ্গত পরামর্শ গুরুত্বের সঙ্গে বিবেচিত হবে। যেসব কোমলমতি শিক্ষার্থীদের জন্য পাঠ্যপুস্তকটি রচিত হয়েছে তারা উপকৃত হবে বলে আশা করছি।

**প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা**
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# নির্দেশনা

তৃতীয় শ্রেণির বাংলা পাঠ্যপুস্তকে ভাষা-শিখনে সহায়ক বিভিন্ন ধরনের পাঠ সন্নিবেশ করা হয়েছে। এই পাঠ্যপুস্তকে বর্ণনামূলক, তথ্যমূলক, কল্পনা–নির্ভর ইত্যাদি বৈচিত্র্যময় পাঠ ব্যবহার করা হয়েছে। শিক্ষার্থীদের জীবনের সাথে সংশ্লিষ্ট ভাষা–পরিমন্ডল বিবেচনা করে পাঠ নির্বাচন ও উন্নয়ন করা হয়েছে। ভাষা-শিখন প্রক্রিয়াকে শিক্ষার্থীদের জীবন–ঘনিষ্ঠ করার জন্য ভাষাসমগ্র পদ্ধতিকে (Whole Language Approach) ভাষা-শিখনের ভিত্তি হিসাবে বিবেচনা করা হয়েছে।

তৃতীয় শ্রেণির এ পর্যায়ে ভাষা-শিখনের বিশেষ করে পড়ার দক্ষতা অর্জনে শিক্ষার্থীদের সহায়তা প্রয়োজন হয়। এ পাঠ্যপুস্তকে ভাষা দক্ষতা হিসাবে শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জনে শিক্ষার্থীদের জন্য সহায়ক শিখন–অনুশীলনী দেওয়া হয়েছে। শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জনে শিক্ষার্থীদের সহায়তা করার জন্য শিক্ষক শ্রেণিকক্ষে নিম্নলিখিত শিখন–শেখানো কৌশল ব্যবহার করবেন:

## শোনা ও বলা

শ্রেণিকক্ষে শোনা ও বলা সংশ্লিষ্ট শিখন–শেখানো কর্মকাণ্ডে শিক্ষার্থীদের সক্রিয়ভাবে অংশগ্রহণ করাতে শিক্ষক নিম্নলিখিত কাজগুলো করবেন:

- শ্রেণিকক্ষে সকল শিক্ষার্থী শুনতে পারে এমন শ্রুতিগ্রাহ্য স্বরে, স্পষ্টভাবে ও প্রমিত উচ্চারণে কথা বলবেন;
- শিক্ষার্থীদের সক্রিয়ভাবে শুনতে বলবেন;
- চিন্তার উদ্রেক করে এমন প্রশ্ন শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন;
- চিন্তা করতে ও পর্যাপ্ত কথা বলতে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন;
- আলোচনায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করাবেন;
- শিক্ষার্থীদের নিজের অভিমত, মতামত প্রকাশের সুযোগ দেবেন;
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।

## পড়া

তৃতীয় শ্রেণি শেষে প্রত্যাশিত পর্যায়ে পড়ার দক্ষতা অর্জনের জন্য শিক্ষার্থীদের যেসব দক্ষতা অর্জন করা প্রয়োজন তা হলো:

- শুদ্ধ, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়া;
- সঠিক উচ্চারণে শব্দ পড়া;
- শব্দের বানান, অর্থ ও বাক্য পড়া;
- সঠিক গতিতে বিরামচিহ্ন মেনে বাক্য পড়া ও অর্থোদ্ধার করা;
- অনুচ্ছেদ পড়ে অর্থোদ্ধার করা;
- পড়া সংশ্লিষ্ট শিখন অনুশীলনী সম্পন্ন করা;
- যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়া।

## লেখা

শিক্ষার্থীদের নিজের ভাষায় লিখতে শিক্ষক উৎসাহিত করবেন। শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে লেখার কাজ এককভাবে করাতে পারেন। শিক্ষক জোড়ায় এমনকি দলেও শিক্ষার্থীদের লেখার কাজ করাতে পারেন। আলোচনার মাধ্যমে লেখার কাজে শিক্ষার্থীদের নিজের মতামত নিজের ভাষায় লেখার দক্ষতা ও উৎসাহ বৃদ্ধি করে। শিক্ষার্থীরা সহজ বাক্যে নিজেদের পছন্দমতো শব্দ দিয়ে লেখার কাজ শুরু করতে পারে।

শিখন পরিচালনার ক্ষেত্রে শিক্ষক শিক্ষার্থীর অবস্থা ও শিখন–শেখানো কৌশলের কার্যকারিতা নিরূপণের জন্য নিয়মিত শিখন মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবেন।

## শিখন–শেখানো প্রক্রিয়া সম্পর্কে নির্দেশনা

ভাষা-শিখন কার্যক্রম পরিচালনার জন্য শ্রেণিকক্ষে নিচের নির্দেশনা ব্যবহার করা যেতে পারে। শ্রেণি কার্যক্রম পরিচালনার জন্য পাঠ্যপুস্তক ভিত্তি হিসাবে বিবেচনা করা প্রয়োজন। পঠনের জন্য প্রতিটি পাঠের শেষে ভাষা-শিখনের জন্য সহায়ক কর্মকাণ্ড রয়েছে। পড়ার জন্য নির্ধারিত পাঠ ও পাঠ শেষে শিখন সহায়ক কর্মকাণ্ডের মাধ্যমে একটি সম্পূর্ণ শিখন কার্যক্রম পরিচালিত হবে।

প্রতিটি পাঠ পরিচালনার জন্য তিনটি পর্যায় থাকবে। পর্যায় তিনটি হচ্ছে:

**পর্যায় ১:** নির্ধারিত পাঠের অর্থ উদ্ধারের পর্যায়

এ পর্যায়ে শিক্ষার্থীর নিজের আগ্রহ, বর্তমান জ্ঞান ও অভিজ্ঞতাকে শিক্ষক ভাষা, শিখন–শেখানোর জন্য ব্যবহার করার প্রচেষ্টা গ্রহণ করবেন। এটি মূলত পাঠ ও পাঠ–সংশ্লিষ্ট কর্মকাণ্ড পরিচালনার প্রাথমিক পর্যায়। এ পর্যায়ে শিক্ষক নির্ধারিত পাঠের অর্থ বুঝতে শিক্ষার্থীকে সহায়তা করবেন।

**পর্যায় ২:** ভাষা-শিখন সহায়ক কার্যক্রম পরিচালনা

এটি মূলত শিক্ষার্থীদের ভাষাদক্ষতা শিখনের জন্য নির্ধারিত পাঠ ও পাঠসংশ্লিষ্ট কর্মকাণ্ডে অংশগ্রহণের পর্যায়। এ পর্যায়ে শিক্ষার্থীরা ভাষাদক্ষতা হিসাবে শোনা, বলা, পড়া ও লেখা–সংশ্লিষ্ট শিখন কর্মকাণ্ডে সম্পৃক্ত হবে। শিক্ষক এ পর্যায়ে ভাষা–শিখন সহায়ক কর্মকাণ্ডে শিক্ষার্থীদের সক্রিয়ভাবে সম্পৃক্ত করাবেন।

পর্যায় ৩: অর্জিত শিখন বাস্তবে প্রয়োগের সক্ষমতা উন্নয়নের পর্যায়

এ পর্যায়ে নির্ধারিত পাঠ থেকে অর্জিত শিখন শিক্ষার্থীরা বাস্তবে প্রয়োগ করবে। শিক্ষক জীবন–সংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে অর্জিত শিখন ব্যবহারে শিক্ষার্থীর দক্ষতা উন্নয়নের সুযোগ প্রদান করবেন। অর্জিত শিখন যাতে শিক্ষার্থী বাস্তব জীবনে কাজে লাগাতে পারে–তা এই পর্যায়ের শিখন–শেখানো কর্মকাণ্ডের মূল লক্ষ্য। শ্রেণিকক্ষে পাঠ পরিচালনার তিনটি পর্যায় শ্রেণিকক্ষে বাস্তবায়নের জন্য শিক্ষক নিম্নলিখিত কর্মকাণ্ড পরিচালনা করতে পারেন:

## ১. নির্ধারিত পাঠের অর্থ উদ্ধারের পর্যায়

এ পর্যায়ে পাঠ পরিচালনার জন্য শিক্ষক শ্রেণিকক্ষে নিম্নোক্ত কর্মকান্ড পরিচালনা করতে পারেন:

- প্রাসঙ্গিক আলোচনার মাধ্যমে পাঠ শুরু করা;
- পাঠ সংশ্লিষ্ট ছবি বিশ্লেষণ করা;
- সম্ভাব্য বিষয়বস্তু সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা আলোচনা করা;
- পাঠের শিরোনাম পড়তে বলা;
- পাঠের বিষয়বস্তুর সঙ্গে কীভাবে পাঠের শিরোনাম প্রাসঙ্গিক সে সম্পর্কে শিক্ষার্থীদের মতামত জানতে চাওয়া;
- শিক্ষার্থীদের উদ্দেশে শুদ্ধ, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে নির্ধারিত পাঠ পড়া;
- শিক্ষার্থীদের পড়তে দেওয়া ও পঠিত অংশের অর্থ অনুধাবন করার সুযোগ প্রদান;
- পাঠের নির্ধারিত অংশের মূল শব্দ চিহ্নিত করতে বলা ও সংশ্লিষ্ট বাক্য সরবে পড়তে বলা;
- প্রশ্ন করতে ও মতামত প্রদানে শিক্ষার্থীদের উৎসাহিত করা।

## ২. ভাষা-শিখন সহায়ক কর্মকান্ড পরিচালনা পর্যায়

এ পর্যায়ে শিক্ষার্থীদের জন্য ভাষা-শিখন সহায়ক বিভিন্ন কর্মকান্ড শিক্ষক পরিচালনা করবেন। পাঠের শিখনফলের সাথে প্রাসঙ্গিক বিভিন্ন শিখন–কর্মকান্ডের (learning activities) মাধ্যমে শিক্ষার্থীদের ভাষাদক্ষতা অর্জনে শিক্ষক সহায়তা করবেন। ভাষা–শিখন সহায়ক বিভিন্ন কর্মকান্ড সমূহ হচ্ছে:

- নতুন শব্দের অর্থ আলোচনা ও বাক্য পর্যায়ে তা প্রয়োগ করা;
- যুক্তবর্ণ বিশ্লেষণ ও যুক্তবর্ণ যোগে শব্দ গঠন;
- পাঠ প্রাসঙ্গিক প্রশ্ন–উত্তর বলা ও লেখা;
- বিপরীত শব্দ জানা ও বাক্য পর্যায়ে তা প্রয়োগ করা;
- জোড় শব্দ দিয়ে বাক্য তৈরি;
- বিরামচিহ্ন হিসাবে দাঁড়ি, কমা ও প্রশ্নচিহ্ন সম্পর্কে জানা ও বাক্যে তা ব্যবহার করা;
- কথোপকথনভিত্তিক বাক্য বলা ও লেখা;
- ছবি দেখে বাক্য বলা ও লেখা;
- নির্ধারিত বিষয়বস্তু যেমন– নদী, ঋতু, প্রিয় প্রাণী ইত্যাদি সম্পর্কে একাধিক বাক্য লেখা;
- পাঠ্যপুস্তকের বাইরে সম–মানের গল্প, কবিতা পড়া।

উল্লিখিত শিখন কর্মকাণ্ডে শিক্ষক শিক্ষার্থীদের সক্রিয়ভাবে অংশগ্রহণ করাবেন। প্রতিটি শিখন কর্মকাণ্ডে শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে পর্যাপ্ত চর্চার সুযোগ প্রদান করা প্রয়োজন। এ পর্যায়ে শিক্ষক নির্ধারিত পাঠের সাথে শিখন কর্মকাণ্ডসমূহ শ্রেণিকক্ষে যথাযথভাবে পরিচালনা করবেন। শব্দের অর্থ আলোচনার সময় শিক্ষার্থীদের অভিজ্ঞতা জানা, জীবন–ঘনিষ্ঠ উদাহরণের মাধ্যমে শিক্ষক অর্থ আলোচনা করবেন। যুক্তবর্ণ বিশ্লেষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট শব্দে নির্ধারিত যুক্তবর্ণ দেখিয়ে তারপর শিক্ষক সংশ্লিষ্ট বর্ণ ভেঙে দেখাবেন। নির্ধারিত যুক্তবর্ণ যোগে একাধিক শব্দ উদাহরণ হিসাবে ব্যবহার করবেন। শিক্ষার্থীদের থেকে নির্ধারিত যুক্তবর্ণ যোগে শব্দ সম্পর্কে শিক্ষক জানতে চাইবেন। নতুন শব্দ ও যুক্তবর্ণ শিখন–শেখানোর ক্ষেত্রে শিক্ষক দেয়ালে অর্থসহ নতুন শব্দ ও বিশ্লেষণসহ যুক্তবর্ণের তালিকা টানিয়ে রাখতে পারেন। নতুন শব্দ ও যুক্তবর্ণের দেয়াল তালিকা শিক্ষার্থীদের শব্দ ও যুক্তবর্ণ শিখনকে সহজ ও কার্যকর করতে সহায়তা করবে। নতুন পাঠের সংশ্লিষ্ট নতুন শব্দ ও যুক্তবর্ণ শিক্ষক নিয়মিত তালিকায় যুক্ত করতে পারেন।

### ৩. অর্জিত শিখন বাস্তবে প্রয়োগের সক্ষমতা উন্নয়নের পর্যায়

এটি হচ্ছে শিক্ষার্থীর অর্জিত শিখন বাস্তবে প্রয়োগের পর্যায়। এ পর্যায়ে অর্জিত শিখনের উপর ভিত্তি করে শিক্ষার্থী নিজের ভাষায় লিখবে। এ ক্ষেত্রে শিক্ষার্থী মুক্তভাবে নিজের ভাষায় প্রাসঙ্গিক বিষয়বস্তু সম্পর্কে লিখবে। পাঠের উত্তর লেখার সাথে এ ধরনের লেখার পার্থক্য হলো এ লেখা শিক্ষার্থীর অর্জিত শিখন ও অভিজ্ঞতা নির্ভর। এক্ষেত্রে লেখায় নিজের জানা শব্দ ব্যবহারের জন্য শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে। পাঠে পড়ানো হয় নি এমন শব্দ যদি শিক্ষার্থী এ ধরনের লেখায় ব্যবহার করে তবে কোনো অসুবিধা নেই। লেখায় সৃজনশীলতার জন্য শিক্ষার্থীদের শিক্ষক প্রশংসা করবেন। লেখায় বানান ভুল করলে সংশোধনের জন্য শিক্ষার্থীদের শিক্ষক সুযোগ দেবেন। বানান সঠিক করার জন্য শিক্ষক প্রশংসা করবেন।

শিক্ষার্থী যখন নিজের ভাষায় লেখা শেষ করবে শিক্ষক তখন তা সরবে পড়তে বলবেন। শিক্ষার্থীরা পরস্পরের সাথে লেখা বিনিময় করবে এবং একে অপরের লেখা সরবে পড়বে।

ভাষা-শিখনের প্রতিটি পর্যায়ে শিক্ষক শিক্ষার্থীদের শিখন উদ্দেশ্য গুরুত্বের সাথে বিবেচনা করবেন। প্রত্যেক শিক্ষার্থী যাতে প্রত্যাশিত যোগ্যতা অর্জন করতে পারে, সেজন্য শিখন কর্মকাণ্ডে শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীকে অংশগ্রহণ করাবেন। ভাষাদক্ষতা শিখনের ক্ষেত্রে শোনা, বলা, পড়া ও লেখা পারস্পরিকভাবে সম্পর্কযুক্ত। কাজেই সামগ্রিক ভাষাদক্ষতা অর্জনে সহায়তা করতে শিক্ষক শিক্ষার্থীদের প্রতিটি দক্ষতা অর্জনের দিকটি গুরুত্বের সাথে বিবেচনা করবেন। ভাষা,শিখন–শেখানো কর্মকাণ্ড পরিচালনায় শিক্ষক যেকোনো ক্ষেত্রেই যৌক্তিকতা সম্পর্কে নিশ্চিত হবেন। শ্রেণিকক্ষের প্রতিটি কর্মকাণ্ড শিক্ষার্থীদের ভাষা-শিখনের জন্য যেন সহায়ক হয় শিক্ষক সে ব্যাপারে যত্নবান হবেন। শিক্ষক–শিক্ষার্থী ও শিক্ষার্থী–শিক্ষার্থীর মাঝে সংগঠিত সক্রিয় অংশগ্রহণমূলক কর্মকাণ্ড ভাষা-শিখনকে ইতিবাচকভাবে প্রভাবিত করে। কাজেই ভাষা, শিখন–শেখানোর সকল ক্ষেত্রে শিক্ষক মিথস্ক্রিয়ামূলক (interactive) কর্মকাণ্ড পরিচালনা করবেন, যেখানে শিক্ষক–শিক্ষার্থী, শিক্ষার্থী–শিক্ষার্থী সক্রিয়ভাবে অংশগ্রহণ করার অবাধ সুযোগ বজায় থাকবে।

শিক্ষক ও শিক্ষার্থীর পারস্পরিক একটি সক্রিয় শিখন পরিবেশে ও শিক্ষার্থীর জীবন–ঘনিষ্ঠ প্রেক্ষাপটের মধ্য দিয়ে ভাষা-শিখন শিক্ষার্থীদের বাস্তবমুখী ও কার্যকর ভাষাদক্ষতা অর্জনে সহায়তা করে।



# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ১. ফটক আর কাথা | ১ |
| ২. হামনিক্যার দ্যাশ | ৫ |
| ৩. কেরিয়া আর গুরিয়াক্যার কাথা | ৮ |
| ৪. হাট | ১৪ |
| ৫. ভাষাশহিদমানক্যার কাথা | ১৬ |
| ৬. চাল চাল চাল | ২২ |
| ৭. স্বাধীনতা দিবস ঘিরক্যা | ২৬ |
| ৮. বুড়িহাক্যার গপ্প | ৩২ |
| ৯. চণ্ড | ৩৮ |
| ১০. একল্যা এ্যাগো দুর্গ | ৪২ |
| ১১. হামার পণ | ৪৮ |
| ১২. চারেইক্যার কাথা | ৫২ |
| ১৩. হামনিক্যার গাঁও | ৫৯ |
| ১৪. ইচিং বিচিং ডামাডোল | ৬২ |
| ১৫. স্বাপ্পা | ৬৮ |
| ১৬. একঝান পটুয়াক্যার কাথা | ৭২ |
| ১৭. সুমায় | ৭৭ |
| ১৮. র‍্যালগাড়ীন্যা ঘুইর বেড়াক | ৮০ |
| ১৯. পাল্লা দেওয়েক খভর | ৮৬ |
| ২০. লুকা লুকি | ৯০ |
| ২১. নিরাপদন্যা চালাচাল | ৯৪ |
| ২২. খলিফা হযরত আবু বকর(রা) | ৯৯ |
| ● শব্দক্যার মান্যা জাইন লেওয়িলা | ১০৪ |

# ফটক আর কাথা

## হামনিক্যার সাংঘিমান



ফাগনি আর ফাগুয়া আলাহাঁয় তাইচিমামু ঘার। তাইচিমামু উমানক্যা উকার সবজি আর ফার বাগান দেখাওয়ি। তাইচি বেহিন শুনিয়া দিদি সাংঘে হায়।



ঘার ধাইর‍্যা সবজি বাগানক্যার একদানে হায় রাকসাক্যার ঝাকলা। রাকসাক্যার ঝাকলান্যা ঝুলাথ্যা রাকসা। সুবুজ পাতেই-ক্যার ভিতর‍্যা দুলাথ্যা হারদিয়ার ফুল।



কুন্দরী ঝাকলাক্যার উপর‍্যা কুন্দরী। কুন্দরীক্যার সুন্দার চারকা ফুল। ঢিচুয়া, ময়না ঝাকলা উপর‍্যা উড়াথ্যা।



ঝাকলা ধাইর‍্যা ঝালবাট্টা খ্যাতন্যাও ফুলন্যা ভরাল। গ্যারোয়া চারেই ফুলক্যার উপর‍্যা উড়াথ্যা। কালচা আর চারকা পেপলা, সুবুজ ফেংনা উড়াউড়ি কারাথ্যা।

২০২৫



ফাগনি আর ফাগুয়া ঝালবাড্রাক্যার ফুল আর ফার দেইখক্যা ব্যাশ রিঝাই লাগলান। তাইচিমামু কাহলেই , চারেইমান ফসলদানা আর পকামাকাড় খায়না। মেলাই চারেইমান মাধুক্যার রসও ভাল বাসায়না।



উমান দেখলাঁয় আমবা গাছক্যার ডাইরন্যা এ্যাগো বাড়কা মাধু চাক। তাইচিমামু ঠিনা শুনলায়, চারেই, চিমটি আর মাধু হামনিক্যার মেলাই উপকার কারায়না।



চারেই চিমটি আর মাধুমান ফুল ফুলন্যা ভান-ভানাইক্যা ঘুইর বেড়াইনা। মাধুমান ফুলস্যা রস চোসাইনা।



আমবা গাছ দেখায়ক্যা তাইচিমামু কাহলেই এখান গাছন্যা মইল হলা হায়। খানিক দিন পরে ইগুলা আমবাক্যার গুটি হুয়ি।



ফার বাগান ঠাঁওয়ে যায়ক্যা শুনিয়া দিদি কাহলেই , গাছ হামনিক্যার উপকার কারেলা। থরেটা ভাইভক্যা তুহনি কাহাতো, কাভাবে ?



ফাগনি শুইনক্যা হাততালি দেওয়ে লাগলেই। কাহলেই, হাম জানিলা হামনি গাছল্যা তো কাতেই রাকামক্যার খাওয়া পাওয়িলা। কাঠি আর কাঠও পাওয়িলা।



তাইচিমামু কাহলেই, ঠিক অসন্যা। তবে গাছ হামনিক্যার বিশি উপকার কারেলা অক্সিজেন দেইক্যা । অক্সিজেন না রাহলে হামনি বাঁচে নিপারবেই।



উমান সভে বাগান বাখে দেখলাঁয় । বাতাসন্যা গাছক্যার ডাইর হিলাথ্যা। চারেই, মাধু উড়াথ্যা আর ফুলন্যা বেইসাথ্যা। সভেমান সভকার কাতেই সাংঘি।

ফটক দেখিলা। ফটক লেইক্যা ভাবিলা। বাক্য কাহিলা আর খাতায় লিখিলা।









# হামনিক্যার দ্যাশ



হামনিক্যার দ্যাশ বাংলাদ্যাশ
বাংলা হামার মায়ক্যার দ্যাশ।
খ্যাত ভরাল ধান
বরজ ভরাল পান
হামনিক্যার দ্যাশ বাংলাদ্যাশ।

গারু পাল নাদীক ধাইর‍্যা।
তাড় গাছ সাইর‍্যা সাইর‍্যা
ডুইবক্যা যাখান আন্ধার বেরা
গাঁওন্যা হওয়েলা আলকাপ গম্ভীরা।
এ্যাহে দ্যাশ বাংলাদ্যাশ।

ফুল ফুটেলা পখরা ডভান্যা
ফার ধারেলা গাছ পালান্যা
ফুল-ফার আর নাদীক দ্যাশ
এ্যাহে দ্যাশ বাংলাদ্যাশ।



# অনুশীলনী

**১.শব্দগুলা পাঠ ন্যা খইজক্যা বাহরাইলা। অর্থ কাহিলা ।**

পথরা ফার আলকাপ আন্ধার বয়জ বেরা

**২. ঘার ভিতরেক্যার শব্দখানক্যা ফাঁকা জাঘান্যা বেইসাইক্যা বাক্য বানাইলা।**

| ফার | বেরা | বয়জ | পথরা | আন্ধার |
|---|---|---|---|---|

ক. ছুয়ামান ভাটি------------ খেলায়না ।

খ. হামনিক্যার --------------- ন্যা ফুটেলা শাপলা ফুল।

গ. গাছপালান্যা ধারেলা---------------- ।

ঘ. পান-------- ভরাল ।

ঙ. বেরা ডুবন্যা --------------হওয়েলা ।



**৩. মুখ্যা মুখ্যা উত্তর কাহিলা আর লিখিলা।**

ক. হামনিক্যার দ্যাশে খ্যাত ভরাল কা হায় ?

খ. গারু পাল কাঁহা ?

গ. গাঁওন্যা কা হওয়েলা ?

ঘ. পথরা ভভান্যা কা ফুটেলা ?



**৪. সেদাতেরো বর্ণগুলা চিনহিলা। সেদাতেরো বর্ণ সেইক্যা বানাল নাওয়া শব্দ পাড়হিলা।**

| | | | | |
|---|---|---|---|---|
| আন্ধার | ন্ধ | ন | ধ | অন্ধ , বন্ধ |
| গম্ভীরা | ম্ভ | ম | ভ | আরম্ভ , সম্ভব |
| দ্যাশ | দ্য | দ | ্য | বন্যা , কন্যা |

৫. ভাতখিয়াদান্যা ল্যা কবিতান্যা ব্যবহার কারাল ঠিক কাথাটা ফাঁকা জাঘান্যা বেইসাইলা ।

| | |
|---|---|
| ক. বাংলা হামার ............................... | গানক্যার দ্যাশ/ মায়ক্যার দ্যাশ |
| খ. গাবু পাল নাদীক.......................... | সাইর‍্যা/ ধাইর‍্যা |
| গ. গাঁওন্যা হওয়েলা আলকাপ................. | ভাটিয়ালি/ গম্ভীরা |
| ঘ. পখরা ডভান্যা ফুটেলা ...................... | ফার/ ফুল |
| ঙ. গাছ পালান্যা ধারেলা........................ | মাছরি/ ফার |

৬. ঠিক উত্তারক্যা বাইছক্যা কাহিলা আর লিখিলা ।

ক. নাদীক ধাইর‍্যা কা হায় ?

১. গাবু পাল　　২. ভেইসা পাল

৩. ছাগরি পাল　　৪. ভেড়া পাল

খ. কনঠিনা ফুল ফুটেলা ?

১. পখরান্যা　　২. বিলন্যা

৩. ঝিলন্যা　　৪. নাদীন্যা

গ. কা গাছ সাইর‍্যা সাইর‍্যা হায় ?

১. আমবা গাছ　　২. বাদাম গাছ

৩. তাড় গাছ　　৩. জামুন গাছ

৭. কবিতাটা সভে মিলাইক্যা একসাংঘে পাড়হিলা ।

৮. কবিতাটা না দেইখক্যা লিখিলা ।

৯. বাংলাদ্যাশ সম্পার্কে দুগো বাক্য লিখিলা ।

# কেরিয়া আর গুরিয়াক্যার কাথা



আইজ ল্যা মেলায় দিন আঘেক্যার কাথা। এক দ্যাশম্যা রেহে এ্যাগো রাজা। স্যাকার দুগো বিটি। বাড়কা বিটি চাম্পা গুরিয়া আর ছটকা বিটি চামেলি  কেরিয়া। দিন দিন বিটিমান বাড়ক্যা হইক্যা উঠলান। বিটিমানক্যা লেইক্যা রাজাক্যার ব্যাশ ভালো দিন কাটাত রেহে।

চাম্পা গুরিয়া রেহে কেইক্যা রাজা গুরিয়াক্যা বিশি ভালোবাসাত  রেহে। গুরিয়াক্যা লেইক্যা মেলাই জাঘান্যা যাত রেহে।



একবার রাজা কাহলেই হাম  শিকারন্যা যাবো,  গুরিয়া বিটি হামার সাংঘে যেই। ইকাথা শুইনক্যা ছটকা বিটি মন খারাপ কারলেই। রাজা, উজির, নাজির, পাইক পেয়াদা আর গুরিয়া বিটিক্যা লেইক্যা বনন্যা শিকার কারে গেলেই । কেরিয়া বিটি মন খারাপ কেইরক্যা ঘারে রেই গেলেই। কিন্তু রাজা বুঝে পালেই ছটকা বিটি মন খারাপ কারলা হায়।

রাজা দুয়ো বিটিক্যার ভিতর্‌্যা কন বিটি বিশি বুদ্ধিমান সেক্যা বুঝেক লাগুন বিটিমানক্যার ভিতর্‌্যা পরিক্ষা লেওয়েক চিন্তা কারলেই। রাজা দুয়ো বিটিক্যা হাকালেই আর কাহলেই, বিটি হাম আজ তুহনিক্যা এ্যাগো কাম দেবন, দেখিলা তুহনি ক্যা ভালোনিয়ার উ কামক্যা কারে পারবা।

রাজা ঘার ভিতর‍্যা ল্যা পুরনা সোনা বেহরালেই, আর কাহলেই ই সোনা গুলা ধইক্যা চকচকা কারেক লাগি। বাড়কা বিটি রিঝাইক্যা কাহলেই হামক্যা দে হাম ধইক্যা চকচকা কেইর দেবো। কেরিয়া বিটি কনহ নি কাহলেই। রাজা দুয়ো বিটিক্যা সোনা সুমান কেইরক্যা ভাগ কেইর দেলেই।



দুয়ো বিটি সোনা লেইক্যা পখরান্যা ধওয়েল্যা গেলাঁয়। দুয়ো বিটি দুয়ো ঘাটন্যা বেইসলাঁয়।

কেরিয়া বিটি রাখন্যা সোনাক্যা কচলায় লাগলেই। আর পানি দেইক্যা ধলেই। রাখন্যা ধইক্যা সোনা চকচকা হয় গেলেই। ধওয়াল হই যাওয়াল পর উ রাজা ঠিনা লেইক্যা রাজাক্যা দেই দেলেই।



২০২২

হিন্যা গুরিয়া বিটি পরাক্যার লুড়া দেইক্যা ধওয়ে লাগলেই। ধতে ধতে থরেটা সোনা পরাক্যার লুড়ান্যা লাইগক্যা পানিন্যা গির গেলেই। উ পানিন্যা নাইমভক্যা খজে লাগলেই কিন্তু আর খইজক্যা নি পালেই। কা কারি বুঝে নিপারাথ্যা, কনহ বুদ্ধি না পায়ক্যা তানিটা সোনা লেইক্যা উ রাজা ঠিনা গেলেই আর ডারহে ডারহে খাড়া হলেই। রাজা কাহলেই, সোনাক্যা দে। উ তানিটা সোনা রাজাক্যা দেলেই। রাজা কাহলেই আর সোনা কই। গুরিয়া কাহলেই পখরান্যা হেরায় গেলেই।



রাজা তাখনা বুঝে পারলেই। হামার কেরিয়া বিটি ভালো। কেরিয়া হলেও উকার বুদ্ধি বাগরা। তাখনা ল্যা উ কেরিয়া বিটিক্যাও ভালোবাসে লাগলেই।



# অনুশীলনী

১. শব্দগুলাকে পাঠ ল্যা খইজক্য বাহরাই। মানে কাহিলা।

কেরিয়া গুরিয়া বিটি বিশি হাকালেই চকচকা ধইক্যা রাখন্যা তানিটা পখরা ডারহে কচলায় গিরগেলেই বাগরা হিনে পরিক্ষা বুদ্ধি

২. ঘার ভিতরেক্যার শব্দগুলা ফাঁকা জাঘান্যা বেইসাইক্যা বাক্য বানাইলা।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রাখন্যা | পুরনা | বিটি | গুরিয়া | জাঘান্যা | কেরিয়া |

ক. বাড়কা বিটি চাম্পা --------- ।

খ. রাজা ঘার ভিতর‍্যাল্যা ------------------- সোনা বাহরালেই।

গ. কেরিয়া বিটি ----------------- সোনাক্যা কচলায় লাগলেই।

ঘ. ছটকা বিটি চামেলি ------------------- ।

ঙ.রাজাক্যার কাথা শুইনক্যা ছটকা --------------মন খারাপ কারলেই।

চ.রাজা গুরিয়াক্যা লেইক্যা মেলাই ----------------------যাত রেহে।

৩. লেদাতেংরা বর্ণ চিনিলা । লেদাতেংরা বর্ণ দেইক্যা বানাল নাওয়া শব্দ পাড়হিলা।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চিন্তা | ন্ত | ন | ত | | অন্ত, পান্তা |
| পরিক্ষা | ক্ষ | ক | ষ | | শিক্ষা, দীক্ষা |
| চাম্পা | ম্প | ম | প | | কম্পন, টুম্পা |
| রাখন্যা | ন্য | ন | য্ | (য-ফলা) | বানন্যা, বনন্যা |
| বুদ্ধি | দ্ধ | দ | ধ | | শুদ্ধ, বুদ্ধ |

## ৪. ফাঁকা জাঘা পুরুণ কারিলা ।

ক. একবার রাজা কাহলেই হাম ---------- যাব, গুরিয়া বিটি হামার সাংঘে যেই।

খ. বাড়কা বিটি --------------- কাহলেই হাম ধইক্যা চকচকা কেইর দেবো।

গ. রাজা -------------- বিটিক্যা সুমান সুমান কেইরক্যা ভাগ কেইর দেলেই।

ঘ. ধতে ধতে থরেটা সোনা পরাক্যার -------------- লাইগক্যা পানিন্যা গির গেলেই।

## ৫. ঠিক উত্তারক্যা বাইছক্যা কাহিলা আর লিখিলা।

ক. এক দ্যাশম্যা এগো কা রেহে ?

১. রাজা　　২. মড়ল

৩. দলনেতা　　৪. বিচারক

খ. রাজাক্যার কায়গো বিটি রেহে ?

১. দুগো　　২. তিনগো

৩. চারগো　　৪. পাঁচগো

গ. দুয়ো বিটি সোনা লেইক্যা কনঠিনা ধওয়েল্যা গেলায় ?

১. নাদীন্যা　　২. ডভান্যা

৩. পখরান্যা　　৪. বিলন্যা

ঘ. কেকার বুদ্ধি বাগরা ?

১. কেরিয়া বিটিক্যার

২. গুরিয়া বিটিক্যার

৩. শ্যামলা বিটিক্যার

৪. চারকা বিটিক্যার

## ৬. মুখ্যা মুখ্যা উত্তার কাহিলা ।

ক. রাজাক্যার কায়গো বিটি রেহে ?
খ. বিটিমানক্যার নাম কা কা ?
গ. রাজা কন বিটিক্যা ভালোবাসাত রেহে ?
ঘ. ক্যাকার মন খারাপ হই রেহে ?
ঙ. ক্যা ঘারে রেই গেলেই ?
চ. রাজা দুয়ো বিটিক্যা কা দেলেই ?
ছ. ছটকা বিটি কা দেইক্যা সোনা ধই রেহে ?
জ. কা নিয়ার রাজা বুঝলেই কেরিয়া বিটিক্যার বাগরা বুদ্ধি ?
ঝ. ক্যা পখরান্যা সোনা খজাত রেহে ?

## ৭. উত্তার গুলা লিখিলা ।

ক. কাতেই দিনক্যার কাথা ?
খ. রাজাক্যার কা নিয়ার দিন কাটাত রেহে ?
গ. রাজা কনঠিনা শিকারন্যা যাতেই ?
ঘ. কে কে লেইক্যা রাজা শিকারন্যা গেলেই ?
ঙ. রাজা বিটিমানক্যা কা ধওয়েল্যা দেলেই ?
চ. কেকার সোনা পখরান্যা হেরায় গেলেই ?
ছ. কন বিটি রাজাঠিনা ডারহে ডারহে খাড়া হলেই ?

## ৮. কাথাগুলাক্যার উত্তার জাইন লেওয়িলা ।

ক. উজির শব্দক্যার বাদলা হামনি এখান কন শব্দ কিহিলা ? মন্ত্রী

খ. গুরিয়া শব্দক্যার বাদলা হামনি এখান কন শব্দ কিহিলা ? গর

## ৯. গপ্পক্যা মুখ্যা মুখ্যা কাহিলা ।



ছড়া

# হাট



ই দ্যাশে পাথারম্যা দ্যাখলি ফাসাল রাশিরাশি।
পাড়া -গাঁওন্যা সভে হামনি হাটক্যা ভালোবাসি।

হাট বেইসেলা গাঁওক্যার উপার খাড়িক কিনারাঁয়
গাঁওক্যার আবদিন সাইর ধেইরক্যা ডাহার হিটাথাঁয় ।

টুকরি - ধামা কান্ধন্যা আবদিন হাটে ঘাটে ছুটে
হাটবারন্যা ভালো খাইক সভকার ঘারে জুটে।

মাছরি হাটে মাছরি লেইক্যা বেইসাইনা মেলায়ঝান
ঠাওয়েক্যার আবদিন শাওদা লাগুন আওয়ায়না সানঝিখান।

বারগাছক্যার ডহুরা হেঁঠে বেইস্যালা পান হাট
বেচাকিনা হই গেল্যা ঘার যায়না সাটপাট ।

# অনুশীলনী

১. শব্দগুলাকে পাঠ ল্যা খইজক্যা বাহ্‌রাই। মানে কাহিলা।

কিনারায়    ঠাঁওয়ে    ডহুরা    ধামা    সাইর

২. ছড়াক্যা মুখ্যা মুখ্যা কাহিলা।

৩. হামার জানাল আর একটা ছড়া কাহিলা।

৪. ফটক দিখিলা। ফটকন্যা ক্যা কা কারাথাঁয় স্যাকে মুখ্যা মুখ্যা কাহি আর তিনটা বাক্য লিখিলা।



.....................................................................................................

.....................................................................................................

.....................................................................................................

# ভাষাশহিদমানক্যার কাথা

ফেব্রুয়ারি মাহিনাক্যার ২১ তারিখ। ১৯৫২ সাল। ফাগুন মাহিনা। কনহ কনহ গাছক্যার পাতেই গিরে থেই। কনহ কনহ গাছন্যা নাওয়া পাতেই সিরিজলেহায়। পলাশ ফুল ফুটল্যা হায়।

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকাক্যার চাইরোদানে থমথমে ভাব। পুলিশ মিছিল কারেল্যা মানা কারলা হায়। বাংলাক্যা রাষ্ট্রভাষা কারেক দাবি ছাত্রমানক্যার। পাকিস্তান সরকার চাথ্যা উর্দুক্যা রাষ্ট্রভাষা কারেল্যা। বাঙালিমানক্যার মুখক্যার ভাষা লুট লেওয়ে খজাথায়। কিন্তু ছাত্র জনতা সেক্যা নেই মানবান। উমান মিছিল কারবাঁয়। যুয়ান ছড়ামান বেপরোয়া। দারকার হল্যা উমান জিউ দেবান। মায়ক্যার ভাষাক্যার দাবি নেই ছড়বাঁয়।

মিছিল বাহরালাঁয়। পুলিশ গুলি কারলেই। গুলিন্যা মইরগ্যালান রফিক, সালাম, বরকত, জব্বারসহ নাম না জানাল আরও মেলায়খান।
উমান হায়নিক্যার ভাষাশহিদ।



আবুল বরকত। ঢাকা বিশ্ববিদ্যালয়ক্যার ছাত্র । উনিন পাড়হাক্যার টেবিল ছইড়ক্যা ভাষাক্যার দাবিন্যা উ ছুইটক্যা আয় রেহে। যোগ দেই রেহে মিছিলন্যা। এক সুমায় মিছিলন্যা গুলি হলেই। গুলি আয়ক্যা লাগলেই উকার গাতারন্যা। সাথিমান উক্যা হাসপাতালন্যা ভর্তি কারলান। কিন্তু উক্যা বাঁচাল নিপেলেই। রাত্তিয়ে উ মইর গেলেই।



রফিক উদ্দিন আহমেদ। ঘার মানিকগঞ্জ। কলেজক্যার পাড়হা না গিরাতেই আয় রেহে ঢাকায়। উরেহে ঢাকাক্যার বাদাম তলিন্যা উকার বাপক্যার ব্যবসান্যা। কিন্তু উনিন উকার মন ব্যবসান্যা আটেক নিরাহলেই। অহো ভাষাক্যার দাবিন্যা ছুইটক্যা আলের মিছিলন্যা। পুলিশক্যার গুলি আয়ক্যা লাগলেই উকার মুড়িন্যা। সাথে সাথে উ মইর গেলেই।



আব্দুল জব্বার। ময়মনসিংহক্যার গফরগাঁওন্যা উকার ঘার। উ গারিব ঘারক্যার ছুয়া । লেখা পাড়হান্যা বাগয়া আগুরায় নি পাইর রেহে। এক সুমায় চাকুরী লেইক্যা চেইল যায় রেহে বিদেশন্যা। মেলায় দিল পর দ্যাশন্যা ঘুইরক্যা আলেই। ঢাকা আয় রেহে অসুস্থ্য সাইসক্যার চিকিৎসা লাগুন। ভাষাক লাগুন উখরো জিউ কান্দাত রেহে। বাংলা ভাষাক্যার লাগুন অহো মিছিলন্যা যোগ দেই রেহে। পুলিশক্যার গুলি আয়ক্যা লাগলেই উকার কায়ান্যা । উক্যা লেগাল হলেই হাসপাতা-লন্যা । কিন্তু ডাক্তারমান উক্যা বাঁচায় নি পারলাঁয়। রাতিয়ে উ মইর গেলেই।



আরেক ভাষা শহিদক্যার নাম আব্দুস সালাম। ফেনী জেলান্যা উকার ঘার। উ ঢাকান্যা চাকুরি কারাত রেহে। ভাষাক্যার টানন্যা অহো গেলেই মিছিলন্যা। এক সুমায় পুলিশক্যার গুলি আয়ক্যা লাগলেই কায়ান্যা। উক্যা হাসপাতালন্যা ভর্তি কারাল হলেই । দেড় মাহিনাক্যার বাগয়া সুমায় থাইরক্যা চিকিৎস্যা চাললেই। উকেও বাঁচাল নিগেলেই।

ই ভাষাশহিদমান মায়ক্যারভাষাক্যা ভালবাসাত রাহাঁয়। উমান জিউ দেইক্যা বাংলাভাষাক্যার সম্মান রক্ষা কারলাঁয়। উমানক্যার আত্মত্যাগক্যার লাগুন বাংলা ভাষা হলেই । উমানক্যার আত্মত্যাগক্যার কাথা ভুলাইক রাকাম নাহি। উমান অমর। হামনি উমানক্যা কনহ দিন নি ভুলাবেই।



# অনুশীলনী

১. শব্দগুলা পাঠল্যা খইজক্যা বাহ্‌রাইলা। অর্থ কাহিলা।

চাথ্যা মায়ক্যার ভাষাশহিদ সাংঘিমান আগুয়ায় কায়ান্যা মুড়িন্যা
যুয়ান ছুয়া সিরিজলেহায়

২. ঘার ভিতরেক্যার শব্দগুলা ফাঁকা জাঘান্যা বেইসাইক্যা বাক্য বানাইলা।

চাথ্যা লুইট মায়ক্যার জিউ আত্মত্যাগক্যার বাঁচায়

ক. বাঙালিমানক্যার মুখক্যার ভাষা ...................... লেওয়ে খজাথাঁয়।

খ. ..........................ভাষাক্যার দাবি নেই ছড়বাঁয়।

গ. উমান ............................দেইক্যা বাংলাভাষাক্যার সম্মান রাখলাঁয়।

ঘ. ডাক্তারমান উক্যা ..................................নি পারলাঁয়।

ঙ. উমানক্যার ......................... লাগুন বাংলা ভাষা হলেই ।

চ. পাকিস্তান সরকার ----------------উর্দুক্যা রাষ্ট্রভাষা কারেল্যা।

৩. লেদাতেংরা বর্ণগুলা চিনহিলা। লেদাতেংরা বর্ণ দেইক্যা বানাল নাওয়া শব্দ পাড়হিলা।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| অসুস্থ | স্থ | স | থ | | মুখস্থ, দুস্থ |
| সম্মান | ম্ম | ম | ম | | আম্মা, সম্মতি |
| রাষ্ট্রভাষা | ষ্ট্র | ষ | ট | ্র (র-ফলা) | উষ্ট্র, রাষ্ট্র |



২০২২

## ৪. ঠিক উত্তারটা বাইছক্যা কাহিলা আর লিখিলা

ক. ঢাকা বিশ্ববিদ্যালয়ক্যার ছাত্র রেহে-

১. রফিক　　　　২. গোলাম
৩. বরকত　　　　৪. জব্বার

খ. রফিকক্যার বাপ কা কারাত রেহে ?

১. মাষ্টারি　　　　২. ব্যবসা
৩. চাকরি　　　　৪. কৃষিকাম

গ. আব্দুস সালামক্যার ঘার কন জেলান্যা

১. মানিকগঞ্জ　　　　২. ঢাকা
৩. ময়মনসিংহ　　　　৪. ফেনী

## ৫. ভাতখিয়াদান্যাস্যা ঠিক শব্দ বাইছক্যা ফাঁকা জাঘান্যা বেইসাইলা ।

ক. কনহ কনহ গাছন্যা নাওয়া ............... সিরিজলেই।
খ. পুলিশ ...................... কারেল্যা মানা কারলাহায়।
গ. যুয়ানমান .................... ।
ঘ. ই ভাষাশহিদমান ................ভালবাসাত রাহাঁয়।

| |
|---|
| বেপরোয়া |
| পাতেই |
| মিছিল |
| মায়ক্যারভাষাক্যা |

## ৬. নাম বুঝাইলা ইসেন শব্দ লিখিলা ।

মাহিনাক্যার নাম　　　　ফেব্রুয়ারি, ফাগুন

ফুলক্যার নাম　　　　...........................................................

জাঘাক্যার নাম　　　　...........................................................

## ৭. বিপরীত শব্দ জানিলা । ফাঁকা জাখান্যা ঠিক শব্দ বেইসাইক্যা বাক্য বানাইলা ।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বাগরা | কম | নাওয়া | পুরনা | কান্দাত | হাসাত |

ক. ভাষাক্যার লাগুন উথরো জিউ ...................... রেহে ।

খ. লেখা  পাড়হান্যা ...................... আগুরায় নি পাইর রেহে ।

গ. বসন্তকালে গাছন্যা ............................ পাতেই সিরজালেয় ।

## ৮. মুখ্যা মুখ্যা উত্তার কাহিলা আর লিখিলা

ক. পাকিস্তানিমান কা খজাথ রাহাঁয় ?

খ. পুলিশ কা কায়েন্যা মানা কাইর রেহে ?

গ. ছাত্রমান কা দাবি কেইর রাহাঁয় ?

ঘ. ভাষা লাগুন যেমান জিউ দেলান উমানক্যা হামনি কা নামে হাকাইলা ?

ঙ. ভাষাশহিদমান কালে জিউ দেয় রাহাঁয় ?

চ. ভাষাশহিদমান কালে অমর ?

ছ. আব্দুল জব্বারক্যার ঘার কাহাঁ ?

জ. ফাগুন মাহিনান্যা ফুটেলা ইসেন তিনগো ফুলক্যার নাম লিখিলা ।

ঝ. ১৯৫২ সালক্যার ২১ ফেব্রুয়ারি মাহিনান্যা ক্যা ক্যা শহিদ হই রাহাঁয় ?







৯. হেঁঠেক্যার শব্দগুলা দেইক্যা মুখ্যা মুখ্যা বাক্য কাহিলা আর লিখিলা ।

নাওয়া - বসন্তকালন্যা গাছে গাছে নাওয়া পাতেই সিরজায়।

জিউ- ..............................................................................................

বাগরা- ..............................................................................................

দ্যাশ - ..............................................................................................

ভাষাশহিদ ..............................................................................................

১০. ফটক দেখিলা। ফটক লেইক্যা ভাবিলা । বাক্য কাহিলা আর লিখিলা।




..............................................................................................

..............................................................................................

..............................................................................................



# চাল চাল চাল

## কাজী নজরুল ইসলাম

চাল চাল চাল
উঁপর্যা আকাশন্যা বাজেলা মাদেল,
হেঁঠে উতলা ধরণী তল,
বেরা উঁঠাক যুয়ান দল
চাল রে চাল রে চাল।
চাল চাল চাল ।।

বেরাক্যার টাঁটিম্যা দেবেই আঘাত
হামনি আনবেই রাঙাল প্রভাত,
হামনি টুঁটাবেই তিমির রাত,
বাধার বিন্ধাচল।

নাওয়া নবীনক্যার গাবেই গান
সজীব কারবেই মহাশ্মশান,
হামনি দানবেই নাওয়া প্রাণ,
বাহুল্যা নাওয়া বল।

(সংক্ষেপিত)



# অনুশীলনী

**১. শব্দগুলা পাঠ ল্যা খইজক্যা বাহরাইলা। অর্থ কাহিলা।**

হেঁঠে   উতলা   ধরণি   বেরা   টাটি   বিন্ধ্যাচল   সজীব   মহাশ্মশান   দানব

নাওয়া   প্রভাত   যুয়ান

**২. ঘার ভিতরেক্যার শব্দগুলা ফাঁকা জাঘান্যা বেইসাইক্যা বাক্য বানাইলা।**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| টাটি | নাওয়া | যুয়ান | বেরা | গাবেই | মান্দের | হেঁঠে |

ক. কারাম পুজান্যা হামনি ...................... বাজায়লা ।

খ. ঘারস্যা বেহেরল্যা ...................... লাগাবা।

গ. ...................... ছুয়ামান ফুটবল খেলায়লা ।

ঘ. উকার গড়ক্যার ............. কলমটা গির গেলেই ।

ঙ. অনুষ্ঠানমানল্যা হামনি গান ...................... ।

চ. কারাম পুজান্যা হামনি ................ ঝুলা পিন্ধিলা।

ছ. বিহান হলে ...................... উঠেলা।



**৩. লেদাতেহরা বর্ণগুলা চিনহিলা।**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রাঙ্গাল | ঙ্গ | ঙ | গ | | |
| মান্দের | ন্দ | ন | দ | | |
| বিন্ধ্যাচল | ন্ধ্য | ন | ধ | ্য | (য–ফলা) |
| মহাশ্মশান | শ্ম | শ | ম | | |

২০২২

৪. ঠিক উত্তারক্যা বাইছক্যা কাঢ়িলা আর লিখিলা ।

ক. মান্দের কনঠিনা বাজেলা ?

১. খলান্যা　　২. আঙনন্যা

৩. আখড়ান্যা　　৪. আকাশন্যা

খ. নবীনমান গান পায়ক্যা কা সজীব কারবান ?

১. খ্যাতখলা　　২. মহাশ্মশান

৩. মন্দির　　৪. ঘার

৫. কাথাগুলা বুঝিলা আর লিখিলা

ক. বেরাক্যার টাটিন্যা দেবেই আঘাত
হামনি আনবেই রাঙাল প্রভাত।

যুয়ানমানক্যার সজীব প্রাণক্যার অধিকারী। উমান সভ সুমায় আন্ধার দুর কেইরক্যা আলোক্যার ডাহার দেখায়না। এ্যাহেল্যা উমান সভ বাধা উতরাই পারায়না।

খ. নাওয়া নবীনক্যার গাবেই গান
সজীব কারবেই মহাশ্মশান।

মহাশ্মশানন্যা জিউন্যা রিঝ নি রেহেলা। যুয়ানমান নাওয়া নাওয়া গান গাইক্যা মহাশ্মশানক্যা আনন্দে ভরাই রাখবান।



৬. মুখ্যা মুখ্যা উত্তার কাঢ়িলা আর লিখিলা।

ক. ক্যামান সাইর বাইজ্জক্যা বাথান ?

খ. বিন্ধ্যাচল কা ?

গ. ক্যামান মহাশ্মশান সজীব কারবান ?

৭. আমেক্যার লাইনক্যা কাহ্নিলা আর লিখিলা ।

ক. ...................................................................

হামনি আনবেই রাঙাল প্রভাত,

খ. ...................................................................

বেরা উঠাক যুয়ান দল,

গ. ...................................................................

নাওয়া নবীনক্যার গাবেই গান



৮. এক্কে অর্থক্যার শব্দ জানিলা ।

ধরণী - দুনিয়া, পৃথিবী, জগৎ

বেরা- সূর্য, উষা, রবি

৯. তা-ল্যা তা-ল্যা গড় গিরাইক্যা হামনি কবিতাক্যা আওড়াইলা।

১০. কবিতাক্যা লিখিলা ।

১১. সভে মিলক্যা কবিতাক্যা সুর কেইরক্যা গাহ্নিলা ।

# স্বাধীনতা দিবস ঘিরক্যা

আইজ বিসত্তবার। ই দিন শ্যাষক্যার দু পিরিওডন্যা অন্য রাকামক্যার কাম হওয়েলা। রিঝে হামনিক্যার মন ভইর উঠেলা। হাসি আর রিঝে মন ভইর রেহেলা গটা সুমায়টা। অহেল্যা সত্তেমান বিসত্তবার দিনক্যার আশান্যা রিহিলা।

আইজ ফটক আঁকেক মাষ্টার বিলি দিদিমুনি জালদি জালদি চেইল আলেই।

বিলি : তুহনি-ত জানাত্তেযারালা আওয়াথ্যা রোববার হামনিক্যার স্বাধীনতা দিবস। তুহনিক্যা আইজকাই শ্রেণিকক্ষ সাজাইক্যা রাখেক লাগি।

বুধনি : হাঁ, সাজাবেই দিদিমুনি।

বিলি : রনিজত আর সোমা তুহনি ইঠিনা আওয়াতো ।

রনজিত আর সোমা উকার টেবলিক্যার ঠাওয়ে আলাঁয়।

বিলি দিদিমনিক্যার হাথে এগো ডালিয়া। উকারন্যা মেলাই রাকামক্যার জিনিস।

বিলি : ইগুলাক্যা লেওয়া। পাঁচ মিনিট দুখানা তুহনি গুঠিয়াওয়া। তুহনি কা কা বানাবা, কাঁহা কাঁহা উগুলা লাগাবা। হাম তুহনিক্যা সাহ্য কারবো। দারকার হলে হামক্যা পুছিয়া।

রনজিত আর সোমা নিঝেমানক্যার মধ্যে গুঠিয়ালাঁই। সেকারপর সভক্যা দুগো দলে ভাগ কেইর দেলাঁয়। দুগো দল দুঠিনা বেইসক্যা কাম শুরু কারলাঁয়। গল্প আর হাসিও চালে লাগলেই।

দুগো দল মিলাইক্যা মেলায় রাকামক্যার কাম কারলাঁয়। লাখা লাখা শিকড়ি বানা-লাঁয় রাঙিন কাগাজ দেইক্যা। আর্টবোর্ডন্যা ফুল পাতেই আঁকক্যা রাঙ কারলাঁয়। উকারন্যা রাংতার ফিতা দেইক্যা কারুকাজ কারলাঁয়। বিলি দিদিমুনি ঘুইর ঘুইরক্যা দেখাত রেহে। একটু দেখায় দেওয়াত রেহে মাঝে মাঝে। স্যাকার পর যাইক্যা বেইসলেই নিবেক্যার চেয়ারন্যা। তানিটা পর রনজিত আর  সোমা আলেই উকার ঠিনা।




রনজিত : দিদিমুনি, হামনিক্যার একটা আবদার হায়।

বিলি : হাঁ, কাহা ।

সোমা : হামনি এগো  দৃশ্য বানাই হি । স্যাক্যা পাহেবাটেক্যার দেওয়ালন্যা লাগাইক লাগি। হামনি দেওয়ালক্যা ব্যবহার কারে খুজিলা।

বিলি : তা কারে পারা ।

রনজিত : উঁর তানিটা  খাড়া  হ। তা হল্যা হামনি দেওয়ালন্যা কাম কারে পারবেই।

বিলি : ঠিক হায়।





উমান্যা  গরথম্যা চারকা আর্টবোর্ড লাঠা দেইক্যা দেওয়ালন্যা লাগালাঁয়। রাঙ কারাল লাখা গাছক্যা লেংগাদানে লাগায় দেলাঁয়। গাছক্যার হেঁঠে সুবুজ ঝুড়ন্যা লাল হারদিয়ার কাগাজক্যার ফুল লাগালাঁয়। চার পাঁচটা গামছা বান্ধাল মুড়ি স্যাঠিনা দেখাল যাথ্যা। শক্ত মটা কাগাজ দেইক্যা বানাল রাইফেল হাথে ধারাল। দেওয়ালক্যার ভাতখিয়া দানে বালুক্যার বস্তা আঁকাল কাগাজ লাগাল হায়। স্যাঠিনা পাকিস্তানি  সেনামানক্যার  কটক।  গটা দৃশ্যটা মনে হওয়াথ্যা যুদ্ধ লাইগ গেলা হায়।

রুবনিক্যার হাথে শক্ত কাগাজন্যা বানাল জাতীয় পতাকা।

বিলি : দে, হাম উক্যা লাগাই দেওয়াথি। উক্যা লাগাইক লাগি গাছক্যার আগা ভাইয়্যা।

রতন :  ( হাসলেই) ধন্যবাদ, দিদিমুনি।

রাঙিন কাগাজক্যার শিকড়ি, ফুল আর পাতেই বানাল রেহে । শ্রেণিকক্ষক্যার চাইরোদানে মালা নিয়ার ঝুলাঁয় দেলাঁয় রুবিনাথ আর  সোহাগী । নীল চারকা রাংতার ফিতা ভিতয়্যা ভিতয়্যা  ঝুলায় দেলাঁয় । চাইরোদানে তাখান ঝালমা-লায়ক্যা উঠলেই।

বিলি: তুহনিক্যার কাম খুবে সুন্দার হলাহায় । ২৬ শে মার্চ স্বাধীনতা দিবসন্যা তুহনিক্যার কামক্যার লাগুন পুরুস্কার দেওয়াল হুয়ি।

রিঝে  সভেমান হাত্তালি দেলাঁয়।



# অনুশীলনী

১. শব্দগুলা পাঠল্যা খইজক্যা বাহ্‌রাইলা। অর্থ কাহিলা।

**স্বাধীনতা জালনিজালনি আওয়াম্ঠ্যা ঠাঁওয়ে পুঠিয়ালাঁই শিকড়ি খুজিলা লেংগোদান্যা ঘুড়ি আপাতাইর পতা।**

২. ঘার ভিতরেক্যার শব্দগুলা ফাকা জাঘান্যা বেইসাইক্যা বাক্য বানাইলা।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ডইর | দাঘালাঘা | লাঠা | রাইফেল | স্বাধীনতা | ডালিয়া |



ক. রিথে হামনিক্যার মন ..............উঠলা।

খ. .............. শিকড়ি বানালাঁর রাঙ্গিন কাগাজ লেইক্যা।

গ. উমান্যা পরথম্যা চারকা আর্টবোর্ড ..............লেইক্যা দেওয়ালন্যা দাগালাঁয়।

ঘ. শক্ত ঘটা কাগাজ লেইক্যা বানাল .............. হাথে থারাল।

ঙ. ২৬ শে মার্চ .............. দিবসন্যা তুহনিক্যার কামক্যার লাগুন পুরুকাম দেওয়াল হুয়ি।

চ. ঝিমি দিদিমনিক্যার হাথে এগো ..............।

৩. লেংগোবাটেক্যার শব্দখানক্যার সাথে ডাডঘিয়াদানেক্যার শব্দ মিল কাইরক্যা এগো শব্দ বানাইলা।

| লেংগোদানে | ডাডঘিয়াদানে | এগো শব্দ |
|---|---|---|
| জালনি | বোর্ড | জালনিজালনি |
| আগাল | কক্ষ | |
| দিদি | জালনি | |
| শ্রেণি | মুনি | |
| আর্ট | ভাইয়া | |

৪. লেদাতেংরা বর্ণগুলা চিনহিলা। লেদাতেংরা বর্ণ দেইক্যা বানাল নাওয়া শব্দ পাড়হিলা।

| | | | | |
|---|---|---|---|---|
| মাষ্টার | ষ্ট | ষ | ট | কষ্ট, নষ্ট |
| আর্টবোর্ড | র্ট | ´ | ট | শার্ট, চার্ট |
| স্বাধীনতা | স্ব | স | ব | স্থাপনা, সম্ভাবনা |
| শক্ত | ক্ত | ক | ত | ভক্ত, শক্তি |

৫. ঠিক উত্তারক্যা বাইছক্যা কাহিলা আর লিখিলা ।

ক. সভেমান বিসতবারক্যার অপেক্ষান্যা কালে রাহাঁয়না ?

১. কনহ ক্লাস নি রেহেলা

২. জালদিজালদি ছুটি হওয়েলা

৩. শ্যাষক্যার দু পিরিওডন্যা অন্য রাকামক্যার কাম হওয়েলা

৪. স্কুল বন্ধ রেহেলা

খ. হামনিক্যার স্বাধীনতা দিবস কন দিন ?

১. ২১ শে ফেব্রুয়ারি

২. ২৫ শে মার্চ

৩. ২৬ শে মার্চ

৪. ১৬ ই ডিসেম্বর



গ. ছাত্রছাত্রীমান মুক্তিযুদ্ধক্যার ফটক কালে বানালাঁয়।

১. স্বাধীনতা দিবসক্যার অনুষ্ঠান রেহে

২. নিজেমান মুক্তিযুদ্ধ সাজে খইজ রাহাঁয়

৩. মুক্তিযোদ্ধামানক্যার প্রতি সম্মান জানাইল্যা

৪. সভে মিলক্যা আনন্দ কারেল্যা

৬. লেংগাবাটেক্যার বাক্য খিয়াল কারিলা। বাক্য দেইক্যা কা বুঝাল হলাহায় ডাতখিয়াদানেক্যার শব্দ সাংগে মিলাইক্যা বুঝিলা আর কাহিলা।

| | | |
|---|---|---|
| ক. তুহনিক্যার শ্রেণিকক্ষ সাফ রাখেক দারকার। | আদেশ | উপদেশ |
| খ. রুবনি আর রনজিত হিন্যা আওরা। | আদেশ | অনুরোধ |
| গ. হামক্যা তানিটা উঠাইক্যা থারনা ডিয়ো। | অনুরোধ | আদেশ |
| ঘ. কৌঁহা লাগাবো পতাকাটা ? | প্রশ্ন | অনুরোধ |
| ঙ. খুত্তে সুন্দার কাম হলাহায় তুহনিক্যার। | উপদেশ | প্রশংসা |

৭. বাক্যগুলা পাড়হিলা। বৈশিষ্ট্য বুঝাইলা ইসান শব্দ জানিলা।



ইটা কাগাজ। ইটা রাঙিন কাগাজ।

ইটা শিকড়ি। ইটা লাথা শিকড়ি।

আর্টবোর্ট আনা। চারকা আর্টবোর্ট আনা।

গাছক্যার হেঁঠে ঝুপড়ি। গাছক্যার হেঁঠে সুবুজ ঝুপড়ি।

আওয়া বাক্যন্যা রাঙিন, লাথা, চারকা, সুবুজ হলেই বৈশিষ্ট্য বুঝাইক শব্দ।

ইবার ঘার ভিতরেক্যার বৈশিষ্ট্য বুঝাইলা ইসেন শব্দ দেইক্যা ফাকা জাঘান্যা বেইসাইলা।

| সুবুজ | ব্যাশ | হারদিয়ার | নীল | চারকা |
|---|---|---|---|---|

রুবনি................কাগাজন্যা এগো .......................... দৃশ্য আকলেই।

স্যা উঠিনা ......................... গাছ,............................. গেন্দা ফুল ,

........................বাদরি আঁকলেই।

৮. শ্রেণিকক্ষ সাজাইক বিষয়টা নিৱেক্যার ভাবান্যা কাহিলা।

# বুড়িহাক্যার গপ্প



এ্যাগো বুড়হিয়া রেহে। বুড়হিয়াক্যার চাইরগো বান্দরি রেহে। ঠুড়হি, ঝুশিয়া, ঝুমিয়া আর বাগড়ি। নিতদিন বুড়হিয়া উমানক্যা লেইক্যা ইগাঁও উগাঁও ঘুইর ঘুইরক্যা নাচ খেলা দেখায়লা আর সাংসার চালায়লা। ইগাঁও স্যা উগাঁও যাইক ঘারি ডাহার, পাথার, জাঙ্গাল আর নাদী পাওয়াল যায়লা। কনহ কনহ দিন যাখান আন্ধার হই যায়লা তাখান মেলায় নিয়ার জীব জানোয়ারক্যার আগুন্যা গিরেক লাগেলা। বান্দরিমানক্যার বুদ্ধি লাগুন বুড়হিয়া বাঁইচ যায়লা। একদিন মুলকিডাইং গাঁও যাইক ঘুরি বুড়হিয়াক্যার আগেবাটে এগো সাপ ফনা উঠায়ক্যা খাড়া হই রেহে। তাখান সাপক্যার আগেবাটে পাছেবাটে সভে বান্দরিমান ডেগে লাগলান। সাপ তাখান ভাইগ গেলেই। বুড়হিয়া গাঁওন্যা পোহেছক্যা নাচ আর খেলা দেখাই দেখাইক্যা কাহাথ্যা -



নাচার‍্যা বান্দরি নাচা  
ভেলকি দেখাইক্যা নাচা  
মুড়ি ধারায়ক্যা ডেগা  
থেরিয়া ভইরক্যা রাখা।

এহে নিয়ার বুড়হিয়াক্যার একদিন গাঁওস্যা ঘুরেক ঘারি আন্ধার হই যায় রেহে। আগুবাটে জাঙ্গাল। মহা মুসকিলন্যা সভেমান গিরলায়ঁ। হিন্দে হুন্দে দেইখক্যা আগুয়ায় লাগলাঁয়। উমান দ্যাখাথাঁয় বাঘ গারেজল্যা গারেজল্যা চেইল আওয়াথ্যা। এখনা কা উপায় ? ঠাওয়ে আয়ক্যা কাহাথ্যা আঘে বুড়হিয়াক্যা হাম খাবো। পর‍্যা তুহনিক্যা খাবো। আইজ মেলায়দিন পরে প্যাট ভইরক্যা খায় পারবো। কা মজা কা মজা !



বান্দরি মানক্যার ভিতর্‌য়া বাগড়ি রেহে বেজায় মটা তাজা। উ সাহস  কেইরক্যা আগুয়ায়ক্যা আলোই আর কাহলেই, “হাম সভকারস্যা মটা তাজা হামক্যা আঘে আরাম  কেইরক্যা খা, পরে উমানক্যা খাবে  ।” বাঘ তাখনা চিন্তা  কেইরক্যা দেখলেই  সাথুয়ে ত আঘে ত ভালক্যা খাইক লাগেলা বাঘ কাহলেই আও তাহল্যা তকে দেইক্যা শুরু কারাল যাক। বাগড়ি উমানক্যা ইশারা  কেইর দেলেই যাইক লাগুন। বাগড়ি কাহলেই “তয়তো হামক্যা খাবে ত আগেবাটেস্যা না পাছেবাটেস্যা।” বাগড়ি বাঘ স্যা গপ্প কারে লাগলেই। আর ই ফাকন্যা বুড়হিয়া আর বান্দরিক্যার তিন বেহিন অঁত হই গেলায়। বাগড়ি তাখান বাঘক্যার মুড়িন্যা ভর দেইক্যা  গাছক্যার ডাইর হুয়াঁ ডেইগ দেলেয়। বাগড়ি ইগাছ উগাছ ডেগতে ডেগতে  উমানঠিনা চেইল গেলেই  । বাঘ তাখনা মুড়ি ধারাইক্যা বেইস রাহলেই। জিউ বাঁচাইক্যা উমান যাতে যাতে মনক্যার সুখে কাঁহাথাঁয়-

আখড়ান্যা ধারবেই গীত
কারবেই রাঙ রিত
সাংঘে হাই ঠুড়হি, ঝুশিয়া, ঝুমিয়া  আর বাগড়ি।

মেলাই দিন পরে বুশিয়ক্যার জার হলেই। উক্যা ছইড়ক্যা কা তারি গাঁও ন্যা যাবায় নাচ খেলা দেখায়ল্যা । সভে ভাবে লাগলাঁয় কা কারাল যেই। ঠুড়হি, বুমিয়া আর বাগড়ি সভে কাহে লাগলাঁয় হাম বুশিয়া সাংঘে রাহবো ।

বুড়হিয়া তাখান ঠুড়হিক্যা রাহে কাহলেই। কারণ উ জারক্যার দাওয়াই চিনহেলা। দাওয়াই খইজক্যা খিয়াই পারি। ঠুড়হিয়াক্যার দাওয়াই খাইক্যা বুশিয়া ভালো হই গেলেই।





ইবাটে তিনঝান খেলা দেখায়ক্যা ভাটিবেরা নাদী পার হওয়েক সুমায় নাদীস্যা ঝিনাই, মাছরি, খাকড়া ধাইরক্যা আনলাঁয় আর রিন্ধ বাইটক্যা খালাঁয় । এহে তারি উমানক্যার দিন কাটে লাগলেই।

## অনুশীলনী

১.শব্দগুলা পাঠ ল্যা খইজক্যা বাহরাইলা। অর্থ কাহিলা ।

ডাহার সাথুয়ে ডেগা জিউ জার দাওয়াই

২. ঘার ভিতরেক্যার শব্দমানক্যা ফাঁকা জাঘান্যা বেইসাইক্যা বাক্য বানাইলা।

| বান্দরি | হিন্দে হুন্দে | আখড়ান্যা | খেরিয়া | ভেলকি |
|---|---|---|---|---|

ক. ..................... দেইখক্যা আগুয়ায় লাগলাঁয়।

খ. .................ভইরক্যা রাখা ।

গ. বুড়িহাক্যার চারগো .......................... রেহে।

ঘ. .......................... দেখায়ক্যা নাচা।

ঙ. ধারবেই গীত .................. ।

৩. লেদাতেংরা বর্ণগুলা চিনহিলা। লেদাতেংরা বর্ণ দেইক্যা বানাল নাওয়া শব্দ পাড়হিলা।

| | | | | |
|---|---|---|---|---|
| বান্দরি | ন্দ | ন | দ | হিন্দে, হুন্দে |
| বুদ্ধি | দ্ধ | দ | ধ | শুদ্ধি, শুদ্ধ |

৪. ঠিক উত্তারক্যা বাইছক্যা কাহিলা আর লিখিলা ।

ক. বুড়িহাক্যার কায়গো বান্দরি রেহে ?

১. দুগো  ২. তিনগো

৩.চারগো  ৪. পাঁচগো

খ. বুড়িহা বান্দরিমানক্যা কন গাঁও যায় কাহলেই?

১. ফুলকি ডাইং  ২. মুলকি ডাইং

৩. মুলাডুলি  ৪. বানিয়াচং

গ. বান্দরিমানক্যার ভিতর‍্যা ক্যা বেজায় মটা রেহে ?

১. ঠুড়হি  ২. বুশিয়া

৩. বাগড়ি  ৪. বুমিয়া



ঘ. তিনঝান কাখান নাদী পার হলান ?

১. বিহান বেরা  ২. ভাটিবেরা

২. দুহপার বেরা  ৪. সান্ঝ বেরা

৫. মুখ্যা মুখ্যা উত্তার কাহিলা আর লিখিলা ।

ক. বুড়িহাক্যার কায়গো বান্দরি রেহে ?

খ. নিতদিন বুড়িহা বান্দরিমানক্যা লেইক্যা কনঠিনা যাতরেহে ?

২০২২

গ. বুড়িহা কা কারেল্যা যাত রেহে ?

ঘ. সাপ যাখনা ফনা উঠাইক্যা খাড়া হয় রেহে তাখান বান্দরিমান কা কারাত রাহাঁয় ?

ঙ. বাঘটা কা নিয়ার আওয়াত রেহে ?

চ. ক্যা কাহলেই হামক্যা আরাম কেইরক্যা খ্যা ?

ছ. ক্যাকার জার হলেই ?

জ. ক্যা জারক্যার দাওয়াই চিনহেলা ?

ঝ. নাদীস্যা উমান্যা কা কা ধেইরক্যা আলনাঁয় ?

৬. বাক্যগুলা পাড়হিলা। বাক্যক্যার শ্যাষে দাঁড়ি আর প্রশ্ন চিনহা বেইসাইলা।

| | |
|---|---|
| ক. বাগড়ি কা মটাতাজা | ? |
| খ.আইজ মেলায় দিন পর প্যাট ভরাইক্যা খায় পারব | । |
| গ. বাগড়ি উমানক্যা কা কারলেই | |
| ঘ. বাঘ তাখনা মুড়ি ধেইরক্যা বেইস রাহলেই | |
| ঙ. ভিতর‍্যা কা হায় | |
| চ. ঢাকা বাংলাদ্যাশক্যার রাজধানী | |
| ছ. বান্দরি তিনগো কা কারলান | |

প্রশ্ন চিনহা বাক্য দেইক্যা কনহ কিছু জানেক হিচ্ছা বুঝাইলা। এগুলাক্যা কাহাল হওয়েলা প্রশ্ন বাক্য। ই নিয়ার বাক্যক্যার শ্যাষন্যা প্রশ্ন (?) চিনহা বেইসেলা।

৭. বুড়িহাক্যার গপ্প মুখ্যা মুখ্যা কাহিলা ।

৮. গপ্পক্যা দলন্যা অভিনয় কারিলা (শিক্ষক সায্য কারি)।

## ৯. পষাল প্রাণী সম্পর্কে তিনগো বাক্য লিখিলা।

.............................................................................................................

.............................................................................................................

.............................................................................................................

## ১০. ফটক  দেইখক্যা গপ্প কাহিলা আর তিনগো বাক্য লিখিলা।



.............................................................................................................

.............................................................................................................

.............................................................................................................



# চঙ

সাতরাঙ চঙক্যার নেখে কনহ জুড়ি
বাদরিম্যা মেঘক্যার ভেলা কারায় উড়াউড়ি।
দেইখ রাহি মন মাতায় দেওয়ি যাখান ডাক
আগুবাখে দেইখক্যা চালি নি শুনি হাক।

লাল লীল হারদি সুবুজ পাবাঁয় যাখান ফাঁক্কা
উড়বায় পাল্লা দেবায় নাহি কেকখো তোয়াক্কা।
হিন্দে হুন্দে উড় বেড়ায় মেলা রাকাম শিষ্য
জাড় নাহি বেরষা নাহি উড়ি খালি গ্রীষ্ম।

সোনা রাউদ হাসি খিলি কারি ছুটাছুটি
পাছুপাছু বাবু মিয়া কারাঁয় লুটালুটি।

# অনুশীলনী

১.শব্দগুলা পাঠ ল্যা খইজক্যা বাহরাইলা। অর্থ কাহিলা ।

ভেলা    জাড়

২. ঘার ভিতরেক্যার শব্দমানক্যা ফাঁকা জাঘান্যা বেইসাইক্যা বাক্য বানাইলা।

| ভেলা | জাড়ন্যা |
|---|---|

ক. ......................... গাতার ঠারহাঁ হওয়েলা ।

খ. উপর‍্যা বাদরিম্যা ম্যাঘক্যার............ কারায় উড়াউড়ি।



৩. কাথাগুলা বুঝিলা ।

| | |
|---|---|
| নেখে - | শিরাল |
| বেরষা- | দুই / তিন দিন ধেইরক্যা পানি হওয়েলা। |
| আগুবাখে- | আগেবাটে |
| হিন্দে হুন্দে - | ইদান্যা উদান্যা |

৪. ভাতখিয়া বাটেক্যার ঠিক শব্দ বাইছক্যা ফাঁকা জাঘান্যা বেইসাইলা।

ক. সাতরাঙ চঙক্যার নেখে কনহ জুড়ি

উপর‍্যাম্যা বাদরি ভেলা কারায় ..................

খ. লাল লীল হারদি সুবুজ পাবাঁয় যাখান ফাঁক্কা

..................পাল্লা দেবায় নাহি কেকখো তোয়াক্কা।

গ. সোনা রাউদ হাসি খিলি কারি ..........................

পাছুপাছু ............................ কারাঁয় লুটালুটি।

উড়বায়

বাবু মিয়া

উড়াউড়ি।

ছুটাছুটি

## ৫. ঠিক উত্তারক্যা বাইছক্যা কাহিলা আর লিখিলা ।

ক. ইঠিনা কায়রাঙক্যার চঙক্যার কাথা হায় ?

১. ২ ২. ৬

৩. ৭ ৪. ৮

খ. চঙ কাখান উড়েলা ?

১. বেরষান্যা ২. জাড়ন্যা

৩. গ্রীষ্মন্যা ৪. শরৎন্যা

গ.বাবু মিয়ামান কা কারায় না ?

১. ছুটাছুটি ২. কুদাকুদি

৩. লাফালাফি ৩. লুটালুটি

## ৬. মুখ্যা মুখ্যা উত্তার কাহিলা আর লিখিলা ।

ক. চঙক্যার কা নেখে ?

খ. চঙক্যার কাতেই নিয়ার রাঙ ?

গ. বাবু মিয়ামান কা কারাঁয়না ?

ঘ. সোনা রাউদ কা কারি ?

## ৭. চঙ বানাইক সম্পর্কে তিনগো বাক্য মুখ্যা মুখ্যা কাহিলা আর লিখিলা।

..............................................................................................

..............................................................................................

..............................................................................................

৮. হেঁঠেক্যার শব্দগুলা দেইক্যা বাক্য বানাইলা ।

| | |
|---|---|
| লীল | ........................................................................ |
| হিন্দে হুন্দে | ........................................................................ |
| পাচুপাছু | ........................................................................ |
| খিলি | ........................................................................ |
| বাদরি | ........................................................................ |

৯. চণ্ড কবিতাক্যার পরথম ছয় লাইন মুখস্ত লিখিলা।

১০. কবিতাটা আবৃত্তি কারিলা।

১১. ফটক দেখিলা আর ইচ্ছা নিয়ার বাক্য লিখিলা ।



...................................................................

...................................................................

...................................................................

...................................................................

...................................................................

২০২২

# একল্যা এ্যাগো দুর্গ



মার্চ মাহিনাক্যার ৭ তারিখন্যা ভাষণ দেই রেহে জাতিক্যার পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। উ ভাষনন্যা স্বাধীনতা সংগ্রামক্যার ডাক দেই রেহে। মোস্তফা কামাল তাখান চব্বিশ বাছারক্যার যুয়ান। বঙ্গবন্ধুক্যার ভাষণ শুইনক্যা উকার ছাতি ফুইলক্যা উইঠ রেহে।

এপ্রিল ১৯৭১।
পাকিস্তানি হানাদার বাহিনীমান ব্রাহ্মণবাড়িয়াদানে আগুয়ায়ক্যা আওথাঁয়। উমানক্যা ঠেকাইক লাগুন মুক্তিযুদ্ধামান জামা লেথাঁয় দুরুইন পাঁওন্যা। দলন্যা মাত্র ১০ ঝান সেনা। অধিনায়ক সিপাহি মোহাম্মদ মোস্তফা কামাল।

১৬এপ্রিল ১৯৭১
মোস্তফা কামাল খভর পালেই পাকিস্তানি বাহিনী কুমিল্লাক্যার আখাউড়া র‍্যাল লাইন দেইক্যা আগুয়ায়ক্যা আওথাঁয়। উমান খজোথাঁয় ব্রাহ্মণবাড়িয়া দখল কারেল্যা।

১৭ এপ্রিল ১৯৭১
তিনসারস্যা পাকিস্তানি বাহিনীমান মুক্তিযুদ্ধামানক্যার উপরয্যা গোলাবর্ষণ শুরু কারলাঁয়। মোস্তফা কামাল ভাবে লাগলেই। এতনা কম শক্তি লেইক্যা উমানক্যার মোকাবিলা কারাল নি যেই। বাঁটল্যা সেনা সাহ্য পাওয়েক লাগুন খভর ভেজালেই।

কিন্তু বাগরা সেনামান নি আলাঁয়। এমন কা দুদিন খাইরক্যা নিয়মিত খাইকো বন্ধ। উ চিন্তান্যা অস্থির হয়ক্যা উঠলেই। সভেমান জিউ বাঁচালাঁয় গাড়হান্যা।

দুহপার বাটে বাগরা কায়েকঝান সেনা দুরুইনন্যা আয়ক্যা পঁহেছলাঁয়। স্যাহে সাহেঘে খাইকও চেইল আলেই। পাকিস্তানি ঘাটিল্যা গোলাগুলিও বন্ধ হই হলেই।



১৮ ই এপ্রিল ১৯৭১।

বিহানবেরা গটে বাদনী কেরিয়া মেঘন্যা হায় গেলেই। মুক্তিযুদ্ধামানে ভাবে লাগলান, পানি আসে দুশমনমানক্যার হামলা স্যা জানিটা রেহায় পাওয়াল নেই।

বেরা এগারোটা । খুস্তে পানি গিরে লাগলেই। আর স্যা সাথে দুশমনমান-ক্যার গোলাগুলি। আগুরায়ক্যা আওয়ে লাগলান পাকিস্তানি বাহিনীমান। বেরা বারোটা। আক্রমন হলেই আরও তীব্র। মুক্তিযুদ্ধামানক্যার পাল্টা গোলাগুলি উমানঠিনা কনহুই নাহি।

হঠাৎ এগো গুলি আয়ক্যা ঢুইক গেলেই এগো মুক্তিযুদ্ধাক্যার হাতিন্যা। উ চালাওয়াত রেহে মেশিনগান। সাথে সাথে বন্ধ হয় গেলেই মিশিনগান। মোস্তফা কামাল থাইরেন্যা রেহে। উ এক মুহুর্ত দেরি না কাইরক্যা চালায় লাগলেই মিশিন গান।



পাকিস্তানি সেনামান সংখ্যান্যা মেলাই বাগরা। সাংগে ভারি অস্ত্রশস্ত্র ।
মুক্তিযুদ্ধামান সংখ্যান্যা কম। ভারি অস্ত্রশস্ত্র তেমন নি রেহে । উমানক্যা হয়
সামনাসামনি যুদ্ধ কারেক লাগি,না হলে পাছেবাটে হটেক লাগি।

কিন্তু পাছেবাটে হটে থক্যল্যা তানিটা সুমায় দারকার। তাতেইখন যেরি যেরি গুলি
চালায়ক্যা দুশমনমানক্যা ঠেকায় রাখেক লাগি। ই দায়িত্ব কে লিউয়ি ?

ইসেন সুমায় আর একবান দুশমানক্যার গুলিন্যা কাইত হয় গেলেই। মোস্তফা
কামাল গাড়হান্যা সব্বা খাড়া হয়ক্যা গুলি চালায় লাগলেই। নয় ঝান মুক্তিযোদ্ধা
শহিদ হলান। পাছে বাটে না হটল্যা সভক্যার মরণ হুয়ি।

মোস্তফা কামাল সভক্যা হইট যায় কাহলেই। উ একল্যা গুলি চালাই। মোস্তফা
কামাল জর দেইক্যা কাহলেই, " তুহনিক্যা পাছেবাটে হটক্যা লাগি। না হল্যা
দুশমনমান সভেমানক্যা মরাই দেবায়।" উ আবার আদেশ দেলেই" সভেমান
বাটল্যা হইট যাওয়া।"

শ্যাষ সুমায়ন্যা মোস্তফা কামালক্যা রাইখক্যা সভেমান সাবধানন্যা পাছে হটলান।
যেরি যেরি গুলি চালায় লাগলেই মোস্তফা কামাল। উ এ্যাকলেই মুক্তি বাহিনীক্যার
এ্যাগো দুর্গ।

এক সময়গুলি শিরাই গেলেই। হঠাৎ কেইরক্যা গুলি আয়ক্যা গিরলেই গাড়হাক্যার
ভিতর‍্যা। গোলাক্যার আঘাতন্যা উকার কায়া ঝাঝরা হই গেলেই। উ মইর গেলেই।

দরুইনক্যার মাটিন্যা মোস্তফা কামালক্যার ক্ষতবিক্ষত কায়া মাটি দেওয়াল হলা হায়।
উকার আত্মত্যাগক্যার কাথা হামনি কনহ দিন নি ভুলবেই।

উ হামনিক্যার গৌরব। উ হামনিক্যার ভার বিহিন বীর। বাংলাদ্যাশ সরকার উক্যা
সভল্যা বাড়কা বীরশ্রেষ্ঠ উপাধি দেলা হায়।



## অনুশীলনী

১. শব্দগুলা পাঠ ল্যা খইজক্যা বাহরাইলা। অর্থ কাহিলা।

ভিনসার, জিউ, বাদরি, আক্রমন, ছাতি, সামনাসামনি, মুক্তিযোদ্ধা

২. ঘার ভিতরেক্যার শব্দগুলা ফাঁকা জাঘান্যা বেইসাইক্যা বাক্য বানাইলা।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ছাতি | যুয়ান | আক্রমন | অধিনায়ক | মুক্তিযোদ্ধা | বাদরি |

ক. মোস্তফা কামাল তাখান চব্বিশ বাছারক্যার ............................ ।

খ. সিপাহি মোস্তফা কামাল রেহে একঝান ............................ ।

গ. পাকিস্তানি বাহিনীমান ............................ মানক্যার উপর্যা গোলাবর্ষণ শুরু কারলাঁয়।

ঘ. বঙ্গাবন্ধুক্যার ভাষান শুইনক্যা মোস্তফা কামালক্যার ........................ ফুইলক্যা উইঠ রেহে।

ঙ. বিহান বেরা গটে ........................ কেরিয়া ম্যাঘন্যা ছায় গেলেই।

চ. বেরা বারোটা ........................ হলেই আরও তীব্র।

৩. পাঠ অনুসরণ কাইরক্যা হেঁঠেক্যার ঘটনাক্যার ধাইর‍্যা তারিখ বাচক শব্দ লিখিলা।

ক. মোস্তফা কামাল শহিদ হলেই ........... ।

খ. পাকিস্তানি বাহিনী আখাউড়া র‍্যাল লাইন ধেইরক্যা আগুয়ালান ............ ।

গ. ভিনসারস্যা পাকিস্তানি বাহিনীমানক্যার উপর্যা গোলা বর্ষণ হলেই .......... ।

৪. হামনিক্যার জাতীয় দিবসগুলাক্যার ধাইর‍্যা তারিখ বাচক শব্দ লিখিলা।

ক. আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস.............................................

খ. স্বাধীনতা দিবস .....................................................

গ. বিজয় দিবস...........................................................

২০২২

## ৫. সঠিক উত্তারক্যা বাছাই কাইরক্যা কাহিলা আর লিখিলা।

ক. মোস্তফা কামালক্যা কনঠিনা মাটি দেওয়াল হলা যায় ?

১. দরুইনন্যা
২. আখাউড়া
৩. কুমিল্লা
৪. তেজগাঁও



খ. ই যুদ্ধন্যা কাতেইখান মুক্তিযোদ্ধা মরলান

১. আট খান
২. নয় খান
৩. দশ খান
৪. এগারো খান

গ. ক্যাকার কায়া ঝাঝরা হয় গেলেই ?

১. মতিউর রহমান
২. রুহুল আমিন
৩. মোস্তফা কামাল
৪. হামিদুর রহমান

ঘ. ১৮ এপ্রিল কাখান খুত্তে পানি গিরাই লাগলেই ?

১. বিহান নয় টায়
২. বেয়া এগারো টায়
৩. বিহান আট টায়
৪. দুহপার দুই টায়

## ৬. প্রশ্নগুলাক্যার উত্তার কাহিলা লিখিলা ।

ক. মার্চ মাহিনাক্যার কায় তারিখন্যা বঙ্গবন্ধু ভাষন দেই রেহে ?

খ. মুক্তিযোদ্ধামান কনঠিনা অবস্থান লেই রাহান ?

গ. সাথিমানক্যার জিউ বাঁচাইক লাগুন মোস্তফা কামাল কা সিদ্ধান্ত লেলেই ?

ঘ. ১৬ এপ্রিল ১৯৭১ সালক্যার ঘটনা লিখা ?

ঙ. একল্যা এগো দুর্গ কাল্যা মোস্তফা কামাল ক্যা কাহাল হলেই ?

## ৭. বিপরীত শব্দ জানিলা। ফাঁকা ঘারে ঠিক শব্দ বেইসাইক্যা বাক্য বানাইলা।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বন্ধ | খলাল | সাংঘি | দুশমান | বাগরা | তানিটা | জিউ | মরণ | ভিনসার | সানঝি |

ক. হামনিক্যার দ্যাশে ........................ নাদী হায়।

খ. মুক্তিযুদ্ধন্যা মেলায় ঝান ........................ দেলান।

গ. শুকুরবার হামনিক্যার স্কুল........................ রেহেলা।

ঘ. ........................ নিন্দস্যা উঠেক লাগি।

ঙ. ........................ মানক্যার সাংঘে হামনি স্কুল যাইলা।

## ৮. বাক্যগুলা পাড়হিলা। হাঁ বুঝাইক আর না বুঝাইক বাক্য সম্পর্কে জানিলা।

উমানক্যার মোকাবিলা কারাল যেই। — হাঁ বুঝাল হলা হায়

উমানক্যার মোকাবিলা কারাল নি যেই। — না বুঝাল হলা হায়

এবার হেঁঠেক্যার বাক্যগুলাক্যা হাঁ বুঝাইক আর না বুঝাইক বাক্যন্যা বাদলাইলা।

খুভে পানি গিরে লাগলেই ................................................

উ চালাওয়াত রেহে মিশিন গান।................................................

দুশমনমান আগুয়ায় নি পারলায়। ................................................



২০২৫



# হামার পণ

মদনমোহন তর্কালঙ্কার

বিহান্যা উইটক্যা হাম মন্যা মন্যা কাহিলা,
সারাদিন হাম য্যানো ভালো হইক্যা চালিলা।
আদেশ কারায় য্যাক্যা হামার গুরুজনে,
হাম য্যানো উকাম কারি ভালো মন্যা।

ভাই বেহিন সভেমানক্যা য্যানো ভালোবাসি,
এ্যাকসাংঘে রাহি য্যানো সভে মিলিমিশি।
ব্যাশ ছুয়ামানক্যার সাংঘে মিশক্যা কারি খেলা
পাড়েক সুমায় য্যানো নি কারবেই হেলা।



সুখী য্যানো নি হবেই অন্য ক্যাখরো দুঃখ্যা,
মিথ্যা কাথা কাখনো য্যানো না আওয়ে মুখ্যা।
সাবধান্যা য্যানো লভ সামলাইক্যা রাখি।
কনহন্যা ক্যাখরো য্যানো না দিউয়িলা ফাঁকি।
ঝাগড়া নি কারি য্যানো কাখনো ক্যাখরো সাংঘে,
বিহান্যা উঠক্যা হাম কাহি মন্যা মন্যা।



# অনুশীলনী

১. শব্দগুলা পাঠল্যা খইজক্যা বাহরাইলা। অর্থ কাহিলা।

গুরুজন আদেশ হেলা সামলাইক্যা ফাঁকি ঝাগড়া সাংঘে

২. ঘার ভিতরেক্যার শব্দগুলা ফাঁকা জাঘান্যা বেইসাইক্যা বাক্য বানাইলা।

| গুরুজন | আদেশ | হেলা | সামলাইক্যা | ফাঁকি | ঝাগড়া | সাংঘে |
|---|---|---|---|---|---|---|

ক. বাড়কামানক্যার...................... মাইনক্যা চালা উচিত।

খ. এ্যাক...................... রাহি য্যানো সভে মিলিমিশি।

গ. কনহ ন্যা ক্যাখরো ...................... য্যানো না দিওয়ি।

ঘ. সাবধান্যা য্যানো লভ ...................... রাখি।

ঙ. ...................... নি কারি ক্যাখরো সাংঘে।

চ. পাড়েক সুমায় নি কারবেই ......................।

ছ. ...................... কাথা মাইনক্যা চালবেই।



৩. সঠিক উত্তার বাইছক্যা কাহিলা আর লিখিলা।

ক. কবিতাস্যা হামনি কা শিখলি ?

১. সভে য্যানো সুখে বাস কারে পারি।

২. সভে মিলিমিশি জিউ কাটাই পারি।

৩. সভে য্যানো সভক্যা ভালোবাসে পারি।

৪.সভে সাবধান্যা জিউ কাটায় পারি।

২০২২

## ৪. মুখ্যা মুখ্যা উত্তার কাহিলা আর লিখিলা।

ক. সারাদিন হাম কাভাবে চালবো ?
খ. ক্যামান্যা গুরুজন জন ?
গ. পাড়েক সুমায় হাম কা কারবো ?
ঘ. কন ধরনক্যার কাথা হাম নি কাহবো ?
ঙ. ক্যামানক্যা হামনি ভালোবাসবেই ?
চ. অন্যমানক্যার দুঃখ্যা হামনি কা কারবেই ?



## ৪. মুখ্যা মুখ্যা উত্তার কাহিলা আর লিখিলা।

| | |
|---|---|
| আদেশ মাইনক্যা চালি | গুরুজনমানক্যার/ ভালো ছুয়ামানক্যার |
| ভালোবাসবেই | ভালো ছুয়ামানক্য/ সভেক্যা |
| কাম কারিলা | মন্যা মন্যা/নাহি হেলা |
| পাঠেক সুমায় | কারবেই খেলা/ নাহি কারবেই খেলা |
| সামলাইক্যা রাখি | দুঃখ/ লভ |

## ৬. গুরুজন সম্পর্কে জানিলা আর উমানক্যার সম্পর্কে এ্যাগো কেইরক্যা বাক্য লিখিলা।

| | | |
|---|---|---|
| বাপ | মায় | ............................................................ |
| দাদা | দাদি | ............................................................ |
| নানা | নানি | ............................................................ |
| কাকা | কাকি | ............................................................ |
| মামু | মামি | ............................................................ |
| শিক্ষক | | ............................................................ |

৭. হেঁঠেক্যার বাক্যগুলান্যা কাম বুঝাল শব্দমানক্যা লিখিলা আর স্যাকে দেইক্যা বাক্য বানাইলা

| | | |
|---|---|---|
| হাম বিহান্যা নিন্দাইক্যা উঠিলা | উঠা | |
| কাথাটা মন্যা মন্যা কাহলি | কাঁহা | |
| ভালো হইক্যা চালি | চালা | ............................................ |
| ভলো মন্যা কাম কারি | কারা | ............................................ |
| সভক্যা য্যানো ভালোবাসি | ভালোবাসি | ............................................ |
| একসাথে রাহি | রাহি | ............................................ |
| ক্যাখরো দুঃখ্যা সুখি য্যানো না হুয়ি | হুয়ি | ............................................ |

৮. কবিতাক্যা মুখস্ত কাহিলা আর লিখিলা।

৯. হামার ইচ্ছা সম্পর্কে তিনগো বাক্য লিখিলা।

..........................................................................................

..........................................................................................

..........................................................................................

২০২২

# চারেইক্যার কাথা

বিহান্যা উঠল্যা মেলাই নিয়ার চারেইমানক্যার গাগাইক শুইনক্যা নিন্দ ভাংগেলা। উমান নানান সুরন্যা গাগায়না । তাখান খুশিন্যা মন ভইর যায়লা। চারেই হামনিক্যার মেলায় নিয়ার উপকার কারায়না। চারেই হামনিক্যার সাংঘি। চারেই হামনিক্যার পরিবেশ সুন্দার রাখেলা ।

মেলাই নিয়ার ঘুঘু চারেই দেখাল যায়লা। তবে হামনিক্যার দ্যাশন্যা তিলা ঘুঘু বাগরা পাওয়াল যায়লা। ঘুঘু চারেই দ্যাখেল্যা খুভে সুন্দার। ইকার ছাতিক্যার হেঁঠে ধুসরা । ঘেচান্যা মালা নিয়ার আর গাতারন্যা ছিটকা ফটকা দাগ হায় । সারা বাছারন্যা ঘুঘুমান তিন বার আঁড়া পারায়না। ঘুঘু যাখান ঘুঘু-চু ঘুঘু চু কেইরক্যা গাগায় তাখান শুনেল্যা খভে মিষ্টি লাগেলা।



ঘুঘু



ডাহুক

পানিক্যার চারেই ডাহুক। চারেই ছটকা কিন্তু দ্যাখেল্যা খুভে ব্যাশ । বেরষা সুমায় ইমানক্যার কক কক গাগাইকম্যা আব-দিনমান ব্যাশ আনন্দ পাওয়ায়না। ডাহুক চারেইক্যার কাপার চারকা। মুড়িক্যার চান্দি, কান, গাতার, পুছরি আর ডেনাক্যার উপর্যা কেরিয়া। ছাতিক্যার দুয়ো ধারন্যা কেরিয়া কিন্তু ঠঁট হারদিয়ার। উ খায়লা ঘাসক্যার আগাল ডগা, পানিক্যার পকা, চেরা, ঘুংগি, জঁক , ছটকা মাছরি। বাছারন্যা যানি ডাহুক পাচ/সাত গো আঁড়া পারেলা। আর ২১ ল্যা ২৪ দিনন্যা আঁড়াল্যা বাচ্চা হওয়েলা।

মেলাই আবদিন হাউস কেইরক্যা কাবতার পোষায়না। মেলাই রাঙ আর মেলাই রাকামক্যার কাবতার হায়। কাবতার বাক বাকুম বাক বাকুম কেইরক্যা গাগায়লা। কাবতার শেরষা দানা, গহম, ধান, চাউর, গুরগুটি খায়না। কাবতার মাস খাইল্যা খুভে সাওয়াদ লাগেলা। উকার পাঁইক দেয়ক্যা মেলায় জিনিস বানাল যায়লা। কাবতারমান ১২ ল্যা ১৫ বাছার পর্যন্ত বাঁচায়না।



কাবতার



দোয়েল চারেই হামনিক্যার ঘারক্যার আশপাশ, বাঁশ ঝাড় আর ঝুড় জাঙ্গালন্যা দেখাল যায়না। দোয়েল চারেইক্যার গাতার আর যেচাক্যার হেঁঠে কেরিয়া। ভেনা আর পেটন্যা চারকা রাঙ দ্যাখাল যায়না। দোয়েল চারেই মাধুর সুরে শিস দেওয়েনা। শুনেন্যা ব্যাশ লাগেনা। দোয়েল হামনিক্যার জাতীয় চারেই।

দোয়েল



সুগা চারেই মেনাই রাকামক্যার হওয়েনা। তবে বাংলাদ্যাশন্যা সুবুজ রাঙক্যার সুগা চারেই বাগরা দেখাল যায়না। সুগাক্যার ঠঁট টকটকা লাল আর খুত্তে শক্ত। ইকার পুছরি লাম্বা। পাকাল ডুমের, বট ফার, শেরষা দানা খায়না। গাছক্যার ঢঢরোন্যা ইমান আঁড়া পাইরক্যা আর বাচ্চা উঠায়না। উড়েক ঘুরি ইমান টুঁই টুঁই কেইরক্যা গাগায়না ।

সুগা



পান কাউড়ি বেরষা সুমায় পখরা, বিল, হাওড়ন্যা গৈড়ে নিয়ার সাঁতর‍্যা পারেনা। পানিন্যা ডুইব ডুইবক্যা খাকড়া, ঘুঘলি আর ছটকা মাছরি খায়না। বিলক্যার ভিতর‍্যা কনহ গাছ রাহন্যা উ গাছন্যা খঁথা বানাইনা। ই চারেইক্যার যেচান্যা চারকা গল দাগ আর গাতারন্যা কুচকুচা কেরিয়া কেইক্যা ই চারেইক্যা পানিক্যার কাউয়া কাঁহায়না।

পানকাউড়ি



হামনিক্যার খুত্তে চিনহাল চারেই বকলি। হামনিক্যার দ্যাশন্যা চারকা, ধুসরা রাঙক্যার বকলি দেখাল যায়না। চারকা বকলি চারকা পাইখ দেইক্যা গটে গাতার ঢাপাল। লাম্বা হারদিয়ার ঠঁট আর আঁইখ হলেই কেরিয়া। ঝাঁক ধেইরক্যা উড়ন্যা উমানক্যা দ্যাখেন্যা খুত্তে ব্যাশ লাগেনা। বকলি উচা গাছন্যা খঁথা কেইরক্যা আর বাচ্চা উঠায়না।

বকলি



গেরোয়া

ছটকা চারেই গ্যারোয়া। কিচকিচ কেইরক্যা গাগায়না। যেলাই গুলা একসাথে রাঁহায়না। ইমান্যা ঘারক্যার চালন্যা, ঘারক্যার আশ পাশেক্যার গাছন্যা রেহেন্যা ভালোবাসায়না। পাতারক্যার রাঙ হালকা ধুসরা আর প্যাটবাটে সাদা রাঙক্যার হওয়ায়না ।
ইযানে পকা, শেরষা দানা, ধান আর ভাত খায়না।



কিলকিলা

কিলকিলা দ্যাখেন্যা ব্যাশ সুন্দার । ইকার মুড়ি, কান্ধ, প্যাট আর পাতারক্যার রাঙ গাড় বাদামি। থরক্যার রাঙ নিয়ারও হওয়ায়না। ইযানক্যার গাল, যেচা আর ছাতিন্যা নানা রাঙ রেহেলা। ইযান পানিন্যা ঝাপটাইক্যা ঠট দেইক্যা মাছরি ধারাইনা । খাড়ি, নাদীক্যার পাহাড়ন্যা মাটি খইড়ক্যা ঢঢরো কেইরক্যা আঁড়া পারায়না।



কাউয়া

কাউয়া নি চিনাইনা ইসেন আবদিন হামনিক্যার দ্যাশন্যা খত কম হায়ঁ। কাউয়া খুব্ভে চালাক চারেই। সুযোগ পালেই কাউয়া ছটকা ছুয়ামানক্যার আবার বাড়কা আবদিনমানক্যার খাইক জিনিস ছু মাইরক্যা লেওয়াইনা। ইযান যেসেন চালাক তেসেন আবার বকা। কুহু চারেই উযানক্যার খঁধান্যা আঁড়া পারায়না। আর কাউয়া ওহে আঁড়াস্যা বাচ্চা ফুটাইলা।

ইগুলা ছাড়াও হামনিক্যার দ্যাশে আরও চারেই হায়। আর কাভেই সেমানক্যার নাম । টিচুয়া, কয়েল, বাওই, গবরা, চিলহা, চড়ুই, শ্যামা, সগনি। ইসভ চারেইক্যার কাথা হামনি পরে জাইন লেবেই।













## অনুশীলনী

**১. শব্দগুলা পাঠল্যা খইজক্যা বারাইলা। অর্থ কাহিলা।**

নিন্দ পাইখ খথা আঁড়া পুছরি ভিনসার হাউস গাতার ঢঢরো ঘুগগি

**২. ঘার ভিতরেক্যার শব্দগুলা ফাকা জাঘান্যা বেইসাইক্যা বাক্য বানাউয়িলা।**

ছাতিক্যার কাপার গাতার আঁড়া টকটকা ঢঢরোন্যা

ক. পানকাউড়িক্যার গাতার ---------------- কেরিয়া।

খ. ঘুঘুক্যার------------------ হেঁঠে ধুসরা।

গ. কিলকিলা ----------- আঁড়া পারেলা।

ঘ. ডাহু চারেইক্যার --------------- চারকা।

ঙ. কাবতারক্যার বয়স ৬মাস হলেই---------------- পারেলা।

চ. সুগাক্যার ঠোঁট------------------- লাল।

ছ. দোয়েল চারেইক্যার -------------------কেরিয়া।



**৩. মুখ্যা মুখ্যা উত্তার কাহিলা আর লিখিলা।**

ক. হামনিক্যার কা তারি নিন্দ ভাংগেলা ?

খ. কন চারেই সারা বাছার চুপচাপ র‍্যাহেলা ?

গ. ডাহুক চারেই বাছারন্যা কায়গো আড়াঁ পারেলা ?

ঘ. কাবতার মান কায় বাছার বাঁচায়না ?

ঙ. হামনিক্যার জাতীয় চারেইক্যার নাম কা ?

চ. কন কন চারেইক্যা ছটকা চারেই কাহাল হওয়েলা ?

ছ. কন চারেই মাধুর সুরে শিস দেওয়েলা ?



২০২২

৪. লেদাতেহ্‌রা বর্ণগুলা চিনহিলা। লেদাতেহ্‌রা বর্ণ দেইক্যা বানাল নাওয়া শব্দ পাড়হিলা।

| | | | | |
|---|---|---|---|---|
| সুন্দার | ন্দ | ন | দ | নিন্দ, আনন্দ |
| মিষ্টি | ষ্ট | ষ | ট | পুষ্টি, সৃষ্টি |
| বাচ্চা | চ্চ | চ | চ | গচ্চা, সাচ্চা |
| জাঙ্গাল | ঙ্গ | ঙ | গ | মাঙ্গাল, টাঙ্গাল |
| শক্ত | ক্ত | ক | ত | ভক্ত, মুক্তি |
| বাইন্ধক্যা | ন্ধ | ন | ধ | বান্ধাল, রান্ধাল |
| লাম্বা | ম্ব | ম | ব | হাম্বা থাম্বা |

৫. ঠিক উত্তার বাছাই কেইরক্যা কাহিলা আর লিখিলা

ক. কনটা হামনিক্যার জাতীয় চারেই

১. কিলকিলা ২. সুগা

৩. বকলি ৪. দোয়েল



খ. পানিক্যার চারেই কনটা

১. ঘুঘু, কাবতার, ২. দোয়েল, টিয়া

৩. ডাহুক, পানকাউড়ি ৪. গ্যারোয়া, কিলকিলা

গ. কাবতার কায় মাহিনা হলে আঁড়া পারেল্যা

১. ৫ মাহিনা ২. ৬ মাহিনা

৩. ৭ মাহিনা ৪. ৮ মাহিনা

ঘ. চারেইমানক্যা হামনি রক্ষা কারবেই । কারণ-

১. চারেই হামনি পরিচিতি নাম

২. চারেইমান হামনিক্যার পড়শী

৩. চারেইমান দল বাঁধক্যা চালায়না

৪. চারেইমান হামনিক্যার উপকার কারায়না।

৬. বাক্যগুলা পাড়হিলা। ঠিক জাঘান্যা, দাঁড়ি আর প্রশ্ন চিনহা বেইসাইক্যা খাতায় লিখিলা।

ক. কিলকিলা চারেই দ্যাখেল্যা ব্যাশ সুন্দার

খ. সুগা চারেই পাকাল ডুমের বট ফার শেরষা দানা খায়লা

গ. পানকৌড়ি বেরষা সুমায় পখরা বিল হাওড়ন্যা গেঁড়ে নিয়ার সাঁতর্যা পারেলা

ঘ. ছটকা চারেই কনটা

ঙ. ইমান যেসেন চালাক তেসেন আবার বোকা

চ. লাম্বা ঠেঁট দেইক্যা পখরা নাদীস্যা ছটকা ছটকা মাছরি ধারেলা

৭. শব্দ হায় পাতেই পাতেই ন্যা। ঠিক শব্দ খইজক্যা বাহরাইলা। হেঁঠেক্যার ফাঁকা জাঘান্যা বেইসাইক্যা বাক্য বানাইলা।




ক. সুগা.................. রাঙক্যার চারেই।

খ. ছটকা চারেই.................. ।

গ. দোয়েল চারেই মাধুর সুরে.................. দেওয়েলা।

ঘ. হামনিক্যার দ্যাশন্যা.................. ঘুঘু বাগরা পাওয়াল যায়লা।

ঙ. ডাহুক চারেই দুহপার, মাঝরাতি, ..................গাগায়লা।

চ. চারকা বকলি চারকা.................. দেইক্যা গটে গাতার ঢাপাল।

২০২২

৮. শব্দমানক্যা ভালোভাবে দিখিলা। ইগুলা চারেইক্যার রাঙ আর গুনেক কাথা বুঝাওয়াথ্যা। শব্দমানদেরক্যা বাক্য লিখিলা।

সুবুজ ছটকা কেরিয়া নরম সুন্দার

সুবুজ গাছক্যার পাতেই সুবুজ।..........................................

ছটকা ..........................................

কেরিয়া ..........................................

নরম ..........................................

সুন্দার ..........................................

৯. ফটক দিখিল। চারেই সম্পর্কে দুগো কেইরক্যা বাক্য লিখিলা।



..........................................

..........................................



..........................................

..........................................



..........................................

..........................................



# হামনিক্যার গাঁও

ছটকা ছটকা মাটিঘার পাতেইন্যা ছারাল
বাঁশক্যার বেড়হা তাহো রিঝে মন ভরাল।
ছাহের ঘেরাল, মায়া ভরাল হামনিক্যার গাঁও
খ্যাত ভরাল ধান,পাট আর নাদী ভরাল নাও।

বিল ঝিল ক্যার মাছরি আর ঝুড় জাঙ্গালক্যার ফার
এ্যাহে গুলা হওয়েলা হামনিক্যার খাওয়া বার বার।
বিহানঘুরি  ইনজর রাউদ কারেলা ঝিলি-মিলি
ভাটিবেরা সভে ছুয়া এক সাংঘে খিলি।

কারাম পূজা আখড়াম্যা ঝুমেরগীত কারাঁয়
পুষনা আলে খীর আর তিল রটি বাঁনায়।
ভেইসা উপর্যা রাখাল ছুয়া বাজায় মুরলি বাঁশি
মিষ্টি মাধু সুর ভাসে আবদিন হওয়ে খুশি।

মিলমিশক্যা চালি হামনি নিকারি ঝাগড়াঝাটি
ইসন্যা কাইরক্যা হামনিক্যার সারাজিউ কাটি।





২০২২

## অনুশীলনী

১.শব্দগুলা পাঠ ল্যা খইজক্যা বাহরাইলা। অর্থ কাহিলা ।

বেড়হা   রিঝে   বিহান   রাউদ   ঝুমেরগীত

২. ঘার ভিতরেক্যার শব্দমানক্যা ফাঁকা জাঘান্যা বেইসাইক্যা বাক্য বানাইলা।

| | | | | |
|---|---|---|---|---|
| ইনজর | আখড়া | ভেইসা | ছাহের | রাউদ |

ক. ..................ঘেরাল মায়া ভরাল হামনিক্যার গাও।

খ. জাড়ঘুরিক্যার .................. মেলায় আরাম।

গ. রাখাল ছুয়া মুরলি বাঁশি বাজায়..................উপর‍্যা ।

ঘ. সানঝিঘুরি চানক্যার .................. দ্যাখাল যায়লা ।

ঙ. কারামপুজা .................. ঝুমেরগীত কারায়না ।

৩. হেঁঠেক্যার শব্দগুলা দেইক্যা বাক্য লিখিলা ।

ছারাল ..............................................

ঝিলি-মিলি ........................................

ঝুমেরগীত ........................................

মুরলি বাঁশি ........................................

৪. এ্যাগো শব্দক্যার মেলায় অর্থ জানকে লিওয়িলা।

| | |
|---|---|
| রিঝ | হাউস , আনন্দ |
| আখড়া | জাঘা, স্থান |
| ইনজর | আলো, ফটফটা |



২০২২

৫. ঠিক উত্তারটা বাইছক্যা কাহিলা আর লিখিলা।

ক. মাটিক্যার ঘারগুলা কা নিয়ার ?

১. বাড়ক বাড়কা ২. বাগরা বাগরা

৩. ছটকা ছটকা ৪. ছাপো ছাপো

খ. ঝুড় জাঙ্গালক্যার মইধ্যে কা হায়?

১. ফুল ২. ফার

৩. গাছ ৪. পাতেই

গ. কা উপর্‌য়া রাখাল ছুয়া বাঁশি বাজাইলা?

১. লাউখা ২. ভেইসা

৩. গাছ ৪.পাথার

৬. প্রশ্নগুলাক্যার উত্তার কাহিলা আর লিখিলা।



ক. হামনিক্যার গাঁও কা নিয়ার ?

খ. কাখান কারাম গীত কারায়না?

গ. নাদীন্যা কা হায়?

ঘ. কনঠিনা কারাম পূজা হওয়েলা?

ঙ. বিহানঘুরি গাঁওন্যা কা কা ঘটেলা?

৭. কবিতাটা মুখস্ত কাহিলা আর লিখিলা?

৮. হামনিক্যার গাঁও বা শাহার সম্পর্কে চারগো বাক্য লিখিলা ।



# ইচিং বিচিং ডামাডোল

পূজাকের ছুটি। শুনিয়া ভুলে গেলাহায় উকার তাইচি ঘার। গাঁওক্যার নাম দিঘলডাংগা। উমানক্যার ঘারস্যা ঢেইরে দুর। উকার মায়স্যা গেলাহায়ঁ। উকার তাইচিক্যার তিনগো বিটি। উমানক্যার নাম হলেই বুধনি, বুবনি, আর মুংলি। উমান সাংঘে শুনিয়াক্যার খভে ভাব। ই গাঁওক্যার আরও মেলাই ছুয়াপুতামান সাংঘে শুনিয়াক্যার ভাব। তাইচি ঘারে কায়েকটা দিন ব্যাশ রিঝে দিন কাটি।

গাঁওন্যা তাইচি বেহিনমানক্যার মেলায় সাংঘি। উ গাঁওক্যার উকার সাংঘিমান মিলাইক্যা এ্যাগো খেলা খেলাথান, দ্যাখেল্যা ব্যাশ মজা লাগাথ্যা শুনিয়াক্যার। খেলাক্যার নাম হলেই ইচিং বিচিং ডামাডোল। ই খেলান্যা মেলায়ঝান খেলাল যায়লা। ই খেলাক্যার নিয়ম হলেই দুগো দল রিহি, দুয়ো দলস্যা দুঝান নেতা দুহাথ উঠাইক্যা দুরা রাকাম বানায়না। আর সভেমান সভকার কান্ধন্যা হাথ রাইখক্যা শিকড়ি নিয়ার হইক্যা দুরা পার হওয়ায়না। দুরা পার হওয়েক সুমায় ছড়া কাটায়না আর কাহাঁয়ন্যা।



২০২২

ইচিং বিচিং ডামাডোল
ডামাডোলক্যার ঘারন্যা
জড়া জড়া কাবতার
এহে কাবতার ধারা গিরলেই
খপক্যার ভিতর



এহে নিয়ার যে খপন্যা ধারা গিরি স্যা একবাটে খাড়া হুয়ি। আবার খেলা শুরু হুয়ি এবার খপন্যা যে ধারা নি গিরি স্যা আরেক বাটে খাড়া হুয়ি। এহে তারি কাইরক্যা সভেমান ছড়া কাহবান আর দুগো দলে ভাগ হবান।

এহে তারি কাইরক্যা দুই দল দুবাটে রাহবান আর মধ্যে এগো দাগ কাটাল রিহি। যেমান খেলবায়ঁ উমানক্যার চারেইক্যার নামে নাম রিহি। এক দলক্যার খেলোয়াড় দশরা দলক্যার খেলোয়াড়ক্যার একঝানক্যার আইক বাইন্ধ দিউয়ি। আর ওহে দলক্যার একঝান আয়ক্যা যেকার আইক বান্ধাল হায় সেক্যা ছুইক্যা চেইল যেই।

২০২৫

যেকার আইক বান্ধাল হায় উক্যা কেহেক লাগি কে উক্যা ছুলেই। কেহে পারল্যা উ এক ধাপ লাফাইক্যা অগুয়ায় যেই। আর না কেহে পারল্যা যে ছুইক্যা গেলেই সে এক ধাপ অগুয়ায় যেই। এহে নিয়ার খেলা চালতে রাহি। যে দল আঘে দাগ পার হওয়ে পারি সে দল জয় লাভ কারি। শুনিয়াও খেলাত রেহে। শুনিয়া খেলতে খেলতে খেলা শিখ গেলেই।

মন্দিরক্যার আগেবাটে খলান্যা খেলা চালাত রেহে। গাঁওক্যার আরও বাড়কা ছুয়ামান খেলেল্যা আলায়। উমান কাহলায়ঁ, হামনিও তুহনি সাংঘে খেলবেই। সভে খুশিন্যা রিঝাই গেলান। সভেমান খেল্যা লাগলায়ঁ। বাড়কামান কাহলায়ঁ, ই খেলা মেলায় পুরনা খেলা।

## অনুশীলনী

১. শব্দগুলা পাঠল্যা খইজক্যা বাহারাই। অর্থ কাহি।
মজা, সাংঘি, দশরা, রিঝাই, তাইচি, শিকড়ি

২. ঘারেক ভিতরেক শব্দগুলা খালি জাঘানে বেসাইক্যা বাক্য বানাই।

মজা শিকড়ি দশরা তাইচি সাংঘি রিঝাই

ক. সভেমান কান্ধন্যা হাত রাইখক্যা-------------নিয়ার হওয়ায়না।

খ. খেলা দেখেল্যা ব্যাশ------------------।

গ. শুনিয়া ভুলে গেলা হায়--------------- ঘারে।

ঘ. এক দল খেলোয়াড় --------------- দলে ঢুকে নি পারবায়ঁ।

ঙ. শুনিয়াক্যার তাইচি ঘারে মেলাই--------------- হায়।

চ. সভেমান------------------------- গেলান।

৩. লেদাতেংরা বর্ণগুলা চিনহিলা। লেদাতেংরা বর্ণ দেইক্যা বানাল নাওয়া শব্দ পাড়হিলা।

| | | | | |
|---|---|---|---|---|
| বান্ধাল | ন্ধ | ন | ধ | কান্ধ, আন্ধার |
| মন্দির | ন্দ | ন | দ | কুন্দরি, কান্দা |

৪. মুখ্যা মুখ্যা উত্তার কাহিলা আর লিখিলা।

ক. শুনিয়াক্যার তাইচি ঘার কাঁহা ?

খ. শুনিয়া কাঁহা ভূল্যা যায় রেহে ?

গ. শুনিয়া নাওয়া কন খেলা শিখলেই ?

ঘ. ই খেলাটা উমান কনঠিনা খেলাত রাঁহায় ?

৫. ঠিক উত্তারক্যা বাইছক্যা কাহিলা আর লিখিলা ।

ক. শুনিয়া ক্যাকারস্যা তাইচি ঘার ভুল্যা গেলা হায় ?

১. বুধনিস্যা ২. মুংলিস্যা

৩. মায়স্যা ৪. বেহিনস্যা



খ. উকার তাইচিক্যার কায়টা বিটি ?

১. দুই ২. তিন

৩. চার ৪. পাঁচ

গ. কান্যা হাত রাইখক্যা শিকড়ি বান্ধাইনা ?

১. কান্ধন্যা ২.ডাড়ান্যা

৩. গড়ন্যা ৩. মুড়িন্যা

ঘ. গাঁওক্যার বাড়কা ছুয়ামান কা কাহলাঁয়

১. সাংঘে খেলবেই ২. সাংঘে নাচবেই

৩. সাংঘে ডেগবেই ৪. সাংঘে গীতগাবেই

## ৬. বিপরীত শব্দ জানিলা। ফাঁকা জাঘান্যা ঠিক শব্দ বেইসাইক্যা বাক্য বানাইলা।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| দূরে | কাছে | দিন | রাত | আগেবাটে | পাছে বাটে | রিঝাই | দুখাই |

ক. দিঘলডাংগা গাঁও মেলায় ..............................।

খ. গাঁওক্যার সভ ছুয়ামান .............................. লাগলান।

গ. হামনিক্যা আগুয়ায়ক্যা যায় গেল্যা ........................ দেখাল নি যেই।

ঘ. তাইচি ঘারে ব্যাশ রিঝে............................. কাটি।

## ৭. বাক্যগুলা পাড়হিলা। অবস্থান বুঝায়লা ইসেন শব্দমান লিখিলা।

ক. গাঁওন্যা তাইচি বেহিনমানক্যার মেলাই সাংঘি। ................. গাঁওন্যা।

খ. মন্দিরক্যার আগেবাটে খলান্যা খেলা চালাত রেহে।...................... ।

গ. শুনিয়া ভুলে গেলাহায় উকার তাইচি ঘার। ........................ ।

ঘ. সান্ঝক্যার পর আকাশন্যা চান্দ উঠলেই । ........................ ।

ঙ. পাথারন্যা গারু ঘাস খাইল্যা। ......................... ।

## ৮. শব্দ খুজিলা। শব্দ মালা বানাইলা।

ইটা এ্যাগো শব্দক্যার খেলা। দুঝান বা কায়েকঝান মিলায়ক্যা ইক্যা খেলাল যায়লা। খেলাক্যার নিয়ম ই রাকাম- পরথম ঝান এগো শব্দ কাহি। যেসেন- আমবা। দ্বিতীয় ঝান আমবা শব্দটা কাইক্যা আমবাক্যার শ্যাষ বর্ণ দেইক্যা এগো শব্দ বানাই। যেসেন-আমবা, বকলি।

তৃতীয় ঝান ই দুগো শব্দ উচ্চারণ কাইরক্যা নাওয়া শব্দক্যার শ্যাষ ব্যঞ্জণ বর্ণ দেইক্যা নাওয়া শব্দ বানাই। যেসেন- আমবা, বকলি, লামভা

এহে নিয়ার শব্দক্যার মালা বানাইক খেলা চালি। শব্দমালাক্যার প্রত্যেকটা শব্দ পরেকপর কাহেক লাগি । কেহ না পারল্যা উ বাদ হই যেই। তাখনা পরেক ঝান-ক্যার পালা আওয়ি। এহে নিয়ার একঝান একঝান কেইরক্যা বাদ গিরবান আর শ্যাষেকঝান জিতবান।

২০২৫

## ৯. ফটক দেখিলা আর পাঁচগো বাক্য লিখিলা।



......................................................................................................

......................................................................................................

......................................................................................................

......................................................................................................

......................................................................................................

১০১১



# স্বাপ্না

হামনিক্যার সমাজন্যা হবেই  আসমানি চাঁন
রাগ লাজ দেমাগ নাহি চালি সুমানে সুমান

শ্রদ্ধা নিয়ম রীতি নিতি মানেক লাগি আগুয়ারী
দৈব ভরসা নি পোইষক্যা রাখি হামনি পাছুয়ারী

নিতদিন সিরিজেই নাওয়া নাওয়া ভাবনা
সাত সমুদ্র তের নাদী পার কারি সাধনা।

উদাস মনে চালতে নাহি হওয়া হুসিয়ারী
কল্যাণ কারি গৌরব আনি জাগি প্রহরী

বাড়কা হতে লাগি মনে স্বাপ্না আনে পারি
করুণাক্যার পাত্র নাহি বীর শিকারী জয় কারি

মিছা কাথা নি কাহবেই সৎপথে চালবেই
ইসভ কাথা মনে রাইখক্যা জিউ হামনি গড়বেই।


২০২২

## অনুশীলনী

**১.শব্দগুলা পাঠ ল্যা খইজক্যা বাহরাইলা। অর্থ কাহিলা ।**

পেইষক্যা প্রহরী স্বাপ্না পাছুয়ারী সাধনা উদাস

**২. ঘার ভিতরেক্যার শব্দমানক্যা ফাঁকা জাঘান্যা বেইসাইক্যা বাক্য বানাইলা।**

| লাজ | সিরজি | দৈব | নাওয়া | জাগি | বাড়কা | কাথা | সাধনা |
|---|---|---|---|---|---|---|---|

ক. বসন্ত ঋতুন্যা গাছে ..................... পাতেই সিরিজেলা ।

খ. হামনি ..................... বাণী নেই পোষবেই ।

গ. ভাল আবদিন হওয়েক লাগুন ..................... দরকার ।

ঘ. বিহান্যা নিন্দস্যা হামনি ..................... ।

ঙ. ..................... হওয়েক লাগুন মনে স্বাপ্না লাগেলা ।

চ. মনে ..................... রাখেক ভাল নাহি।

ছ. পাতেই ঝরাল পরে নাওয়া পাতেই .....................।

জ. কাখনো মিছা ..................... নেই কাহবা।

**৩. মুখ্যা মুখ্যা উত্তার কাহিলা আর লিখিলা।**

ক. নিতদিন কা সিরজেলা ?

খ. সাধনা কা নাদী পার কারেলা ?

গ. বাড়কা হওয়েলা মনে কা আনেক লাগি ?

ঘ. কা না হইক্যা বীর শিকারী জয় কারি ?

ঙ. হামনি কাভাবে চালবেই ?

চ. হামনি কা কাথা নেই কাহবেই ?



২০২২

৪. ভাতখিয়াদান্যাক্যার শব্দ বাইছ লেইক্যা লেংগাদানেক শব্দ সাংঘে মিলাইলা।

| | |
|---|---|
| জয় | ছটকা |
| সুমান | পরাজয় |
| শ্রদ্ধা | অকল্যাণ |
| কল্যাণ | অসৎপথে |
| বাড়কা | অশ্রদ্ধা |
| আগুয়ারী | অসুমান |
| সৎপথে | পিছুয়ারী |



৫. ঠিক উত্তারটা বাইছক্যা কাহিলা আর লিখিলা।

ক. হামনি সমাজন্যা কা নিয়ার হবেই ?

১. আসমানি চাঁদ    ২. আসমানি ছুয়া

৩. বাদরি ভাঁয়া    ৪. বিহানক্যার বেয়া

খ. নিতদিন নাওয়া কা সিরিজেলা ?

১. সাধনা    ২. পাওনা

৩. ভাবনা    ৪. চাহিদা

গ. হামনি কন কাথা নি কাহবেই ?

১. সথুয়ে    ২. মিছা

৩. জুলুম    ৪. ব্যাথা দেওয়েক



৬. হেঁঠেক্যার শব্দগুলান্যা দারকার নিয়ার দাড়ি, কমা আর প্রশ্ন চিন্হা বেইসাইক্যা লিখিলা আর পাড়হিলা ।

ক. হামনি দেমাক রাগ দৈব ভরসা নি  পোইষক্যা রাখবেই

খ. হামার নাম শুনিয়া

গ. তঁয় কন শ্রেণিন্যা পাড়হিসলা

ঘ. বাড়কা হয়েক লাগি মনে খাপ্পা আনেক লাগি

৭. হেঁঠেক্যার শব্দগুলা দেইক্যা বাক্য বানাইলা ।

দেমাক    সিরজি    গৌরব    খাপ্পা    সাধনা

৮. ফটক লিখিলা আর  ইচ্ছা নিয়ার বাক্য লিখিলা ।



..............................................................................................................................

..............................................................................................................................

..............................................................................................................................

৯. কবিতা মুখস্ত কাহিলা আর লিখিলা ।

# একঝান পটুয়াক্যার কাথা

১৯৪৫ সাল। পত্রিকান্যা পরকাশ কারাল হলেই গটা বাংলাক্যার ব্যায়াম আর কায়া চর্চা প্রতিযোগিতার খভর। স্যাকার হুঁয়া পরথম হলেই একঝান শিল্পী । উ ফটক আঁকেক ভুলন্যা পাড়হেলা। উ মিষ্টার বেঙ্গাল হলেই। পত্রিকান্যা ফটক বেহেরেলেই। চাইরোবাটে হইচই গিরগেলই । এ্যাহে নিয়ার স্যা সভেমানক্যা ভাক লাগাই দেই রেহে। উ আর কেউ নাহি। উ শিল্পী কামরুল হাসান।



স্যাকার পর মেলাই দিন কাইট গেলেই।

১৯৭১ সাল । মুক্তিযুদ্ধক্যার বাছার। পাকিস্তানি সেনা শাসক ইয়াহিয়া ক্ষমতান্যা। উকার হুকুমনেই বাংলাদ্যাশন্যা গণহত্যা হই রেহে। উকার চেহারাক্যা রাক্ষস নিয়ার কাইরক্যা আঁকলেই উ। বাংলাদ্যাশক্যার আবদিন উক্যা আবার নাওয়া কাইরক্যা জানে পারলাই। উ ওহে শিল্পী কামরুল হাসান। বাংলাদ্যাশক্যার জাতীয় পতাকাক্যার চুড়ান্ত নকশা কারলেই উ। উ জানাম লেলা হায় কলকাতান্যা। ঘার বর্ধমান জেলাক্যার নারেঙগা গাঁওন্যা । বাপক্যার নাম মোহাম্মদ হাশিম। মায়ক্যার নাম আলিয়া খাতুন।



নাইওর



উকি



তিন কন্যা

ছটঘুরি উ য্যা স্কুলন্যা পাড়াত রেহে স্যাঠিনা ফটক আঁকেক শিখাওয়াত রাহায়ঁ। এ্যাহে তারি উকার ফটক আঁকেক ঝোঁক সিরজালেই। বাপ উক্যা ভর্তি কেইর দেই রেহে কলকাতা মাদ্রাসান্যা । কিন্তু উকার পাড়েক হিচ্ছা রেহে ফটক আঁকেক স্কুলন্যা । বাপ শ্যাষে বাধ্য হইক্যা উক্যা ফটক আঁকেক স্কুলন্যা ভর্তি কারলেই। বাপ কাহলেই, পাড়হাক্যার খরচ উ নি দিউয়ি।

পাড়হাক্যার খরচ যোগায়ল্যা উ কাম কারাত রেহে পুতলাক্যার কারখানান্যা। তবে কামবুল কেবল ফটক আঁকেক লেইক্যা ব্যস্ত নি রেহে। ঠাঁওয়ে ঠাঁওয়ে কায়াক্যারও চর্চা কারাত রেহে । দ্যাশ সেবক ছড়ামানক্যার সংগঠন ব্রত-চারিক্যার দলন্যা যোগ দেই রেহে । উমান ঠিনা পাই রেহে খাঁটি বাঙালি হওয়েক শিক্ষা। উ শ্রদ্ধা কেইর রেহেন গাওঁক্যার সাধারণ ফটক আঁকেক আবদিন-মানক্যা। ই মানক্যা পটুয়া কাহাল হওয়েলা। নিঝেক্যা পটুয়া কেইক্যা পরিচয় দেতে উকার গর্ব হওয়াত রেহে। ব্রতচারিমানক্যার নিয়মনীতি উ মাইনক্যা চালাত রেহে । ইকার ভিতর্‌যা রেহে-

খিচুড়ি ভাষায় নি কাহবো
ভুলাইক্যাও ভুড়ি নি বাড়াবো।
ভুখ না লাগল্যা নি খাবো
বিপদ বাধান্যা নি ডারাবো।
বিলাসিতা ভাব নি কারবো
রাগায় গেলেও নি বুঝাবো
দুঃখন্যাও হাসেল্যা নি ভুলাবো।
দেমাগন্যা মন নি ফুলাবো।
অসত্য চাইল নি চালাবো
দৈবে ভারসা নি কারবো
চেষ্টা ছাড়া নি রাহবো
